- He was in prison, but is now set at *liberty*. সে কারাগারে ছিল, কিন্তু এখন খালাস হইয়াছে.
- Have you seen his *library*? তাহার সকল পুস্তক কি দেখিয়াছ?
- Lift up the *lid* of this box. এই সিন্দূকের ঢাকনী খানকে একবার তোল.
- He thinks nothing at telling a *lie*. মিথ্যা কথা কহনেতে সে তুচ্ছ বোধ করে.
- Life* is short, we ought now to prepare for eternity. আমাদের পরমায়ু অতি অল্প, পরকালের নিমিত্তে এইক্রমেই ভাবনা করা উচিত.
- I was out yesterday in a storm of thunder and *lightning*. কালি আমি বড় মেঘে ও ঝড়ে চেকিয়াছিলাম.
- This house was struck by the *lightning*. এই ঘরের উপরে রজ্জ্বঘাত হইয়াছিল.
- This cloth must have a *lining*. এই কাপড় খানের ভিতরে আর এক খান আস্তর দিতে হইবে.
- How many *links* are there in that chain? সেই শিকনেতে কয়টা কড়া আছে ?
- A *lion* is stronger than a tiger. বাঘহইতে সিংহের বল বড়.
- Is the medicine you speak of a *liquid*? যে ঔষধের কথা তুমি কহিয়াছ সে কি তরল না বড়ি ?
- Write a *list* of the things sent to *Dacca*. যেদ্রব্য ঢাকাতে পাঠান গিয়াছে, তাহার চালান লেখ.

- He is ill of the *liver* complaint. তাহার পিত্ত বৃদ্ধি হইয়া শূল হইয়াছে.
- Are you acquainted with the properties of the *loadstone*? চুম্বক পাতরের গুণ কি তুমি জ্ঞাত আছ?
- Tell the baker to give three *loaves* of bread. রুটীওয়ালাকে বল, যে তিনটা রুটী যেন দেয়.
- May I beg the *loan* of this book? তুমি এই পুস্তক খান এক বার আমাকে দিতে পার?
- There is no *lock* to your box. তোমার সিন্দূকের গা চাবী নাই.
- When you go to Calcutta, buy me a *looking-glass*. তুমি যখন কলিকাতায় যাইবা, তখন আমার নিমিত্তে একখান আশী' কিনিয়া আনিও.
- He has met with great *losses*. তাহার বড় ক্ষতি হইয়াছে.
- I purchased five *lots* at today's sale. আজিকার নিলামে আমি পাঁচ লাট ক্রয় করিয়াছি.
- They have no *love* for each other. তাহারদের পরস্পর পুণয় নাই.
- Put this *luggage* in the boat. সকল দ্রব্যাদি নৌকায় তোল.
- Bruise this salt, it is all in *lumps*. এ লবণ মোটা আছে, গুঁড়া করিয়া দেহ.
- What is the name of this *machine*? এ কলের নাম কি?
- Magazine*--a place where things are deposited. ম্যাগাজীন, অর্থাৎ [কোন দ্রব্য রাখিবার স্থান.
- For this offence he was taken before the *magistrate*. এই অপরাধেতে তাহাকে বিচারকর্তার সম্মুখে লইয়া গেল.
- He has five *men-servants* and two *maid-servants*. তাহার পাঁচ জন চাকর আর দুই জন চাকরাণী আছে.

- She lives with her *mamma*. তিনি মাতার ঘরে থাকেন.
- We ought to love all *man-kind*. সকল লোকের সঙ্গে পুঁতি করা  
আমারদের কর্তব্য.
- He spoke to us in a kind *manner*. তিনি সমাদর করিয়া আমারদের  
সঙ্গে আলাপ করিলেন.
- This garden needs some *manure*. এই বাগানে কিছু সার দিতে  
হইবে.
- Show me a *map* of Bengal. বঙ্গ দেশের এক খান নক্সা  
আমাকে দেখাও.
- This floor is paved with *marble*. এই মেঝায় সন্মরমর বসান  
গিয়াছে.
- Put a *mark* on the paper that is your's. যে কাগজ তোমার তাহার উপরে  
এক চিহ্ন করিয়া দেহ.
- I have been to the *market*. আমি বাজারে গিয়াছিলাম.
- When will their *marriage* take place? তাহারদের বিবাহ কবে হইবে?
- He is a kind *master*. তিনি বড় ভাল পুতু.
- Tell the carpenter and his *mate* to come to-morrow. মিস্ত্রীকে এক জন পেট্যাল সঙ্গে  
করিয়া কালি আসিতে বল?
- How can they work without *materials*? দুব্য না থাকিলে তাহারা কি রূপে  
কর্ম করিবে?
- By what *means* will you be able to do this? তুমি কি উপায়ে ইহা করিতে  
পারিবা?
- This is a kind of *measure*. এই এক পুকার মাপিবার পাজ.
- You are beyond *measure* extravagant. তুমি অপরিসিত ব্যয় কর.
- I am reading a book of *memoirs*. আমি মনুষ্যের ইতিহাসের পু-  
স্তক পড়িতেছি.

Make a <i>memorandum</i> of this.	ইহা কাগজে লেখ.
I have a bad <i>memory</i> .	আমি কৃপ্ করিয়া বিস্মৃত হইয়া যাই.
This is an article of <i>merchandise</i> .	এ বাণিজ্যের এক দ্রব্য.
He is now a <i>merchant</i> in Calcutta.	এখন তিনি কলিকাতার এক জন মহাজন হইয়াছেন.
She is a woman of great <i>merit</i> .	সে স্ত্রী লোক বড় পুশ্‌সনীয়.
What is the best <i>method</i> (i. e. <i>mode</i> ) of learning a language?	কোনো ভাষা শিখিতে হইলে কি রূপে শিখিতে সুগম হয়?
Shall I place it at the end, or in the <i>middle</i> ?	এক মুড়ায় রাখিব কি মাঝখানে রাখিব?
I did not arrive there till <i>midnight</i> .	সেখানে আমি দুই পুহর রাত্রি পর্যন্ত পৌঁছিতে পারি নাই.
Grind this wheat in the <i>mill</i> .	এই গম গুলা জাঁতায় পিষিয়া দেহ.
I have considered this in my own <i>mind</i> .	আমি আপন মনে এই বিবেচনা করিয়াছি.
Tin and copper are dug out of <i>mines</i> .	তাম্রা ও সীসা খানিহইতে আনে.
<i>Mint</i> —the place where mo- ney is coined.	টাকশাল, অর্থাৎ যে স্থানে টাকা পুষ্টত করে
They are full of <i>mirth</i> .	তাহারা কেবল হাঁসিয়া খেলিয়া বেড়ায়.
He is always in <i>mischief</i> .	সে সৰ্বদাই মন্দ কর্মে থাকে.
<i>Misers</i> never think they have money enough.	ধনেতে কৃপণের আশা পরিপূর্ণ করা যায় না.

'They live in great <i>misery</i> .	তাহারা বড় দুঃখেতে কাল কাটায়.
He has met with many <i>misfortunes</i> .	তিনি নানা পুকার দুঃখেতে পড়িয়াছেন.
This is owing to your <i>mismanagement</i> .	তুমি কর্ম করিতে জান না, এই জন্যে এমত হয়.
She can tell you in a <i>moment</i> .	তিনি তোমাকে একিবারে বলিবেন.
The <i>moon</i> has not yet risen.	এখনও চন্দ্র উঠে নাই.
The <i>motion</i> of this wheel is very quick.	এ চাকাটা শীঘ্র ঘুরিতেছে.
What is your <i>motive</i> for doing this?	তুমি কি আশয়েতে ইহা করিতেছ.
Have you seen the <i>Himaloy mountain</i> ?	তুমি কি হিমালয় পর্বত দেখিয়াছ?
There is a deal of <i>mud</i> on the side of the river.	নদীর তীরেতে অনেক কাদা আছে.
I have bought a <i>mule</i> for two hundred rupees.	আমি দুই শত টাকাতে একটা খচর কিনিয়াছি.
Are you fond of <i>music</i> ?	তুমি বাদ্য শুনিতে কি ভাল বাস?
This is a <i>mystery</i> which none can comprehend.	এই একটা নিগূঢ় কথা আছে, যে কোন কেহ তাহার তত্ত্ব বুঝিতে পারে না.
Have you read this <i>narrative</i> ?	এই ইতিহাস কি তুমি পড়িয়াছ?
His praise is spoken of by the whole <i>nation</i> .	দেশের তাবৎ লোক তাহার প্রশংসা করে?
He is a <i>native</i> of Bengal.	তাহার জন্মস্থান বঙ্গ দেশ.

- The tiger is fierce by *nature*. ব্যাঘ্র স্বভাবেতেই দুরন্ত.
- Have you learnt *navigation*? তুমি জাহাজ চালাইবার বিদ্যা কি শিখিয়াছ?
- There is no *necessity* for your going there. তোমার সেখানে যাইতে পুয়োজন নাই.
- You have no *need* of his assistance. তাহার উপকারেতে তোমার কোন পুয়োজন হইবে না.
- This is owing to your *neglect*. তোমার ত্রুটিতে এমত হইয়াছে.
- He is a *neighbour* of mine. তিনি আমার পাড়াপড়সী.
- I have broken the *nib* of my pen. আমার কলমের মোচ ভাঙ্গিয়া গিয়াছে.
- I went there, but saw *no-body*. আমি সেখানে গিয়াছিলাম, কিন্তু কোন কাহাকে দেখিতে পাই না.
- I cannot bear so much *noise*. আমি এত শব্দ সহিতে পারি না.
- What they say, is mere *nonsense*. তাহারা যে বলে সে কথা কিছু নহে.
- He asked, but I gave him *nothing*. সে চাহিয়াছিল, কিন্তু আমি তাহাকে কিছু দেই নাই.
- They are fond of *novelty*. তাহারা নূতন দেখিতে এবং শুনিতে ভাল বাসে.
- What *number* of persons were present? কত লোক সেখানে উপস্থিত ছিল?
- They took with them their little child and its *nurse*. তাহারা ছোট বালককে এবং বালকের ধাইকে সঙ্গে করিয়া লইলেন.
- How can the boatman row without *oars*? দাঁড় না থাকিলে দাঁড়িরা কেমন করিয়া বাহিবে?

- In a court of justice, it is customary for a witness to take an *oath*.
- It is right that you pay *obedience* to his orders.
- What was the *object* of your going there?
- I have no *objection* to do as you propose.
- This is an *obstacle* in the way of my learning.
- There was no *occasion* for your coming here.
- To-morrow will be my son's wedding, I shall be happy to see you at my house on the *occasion*.
- This is a remarkable *occurrence*.
- What *offence* have I committed?
- I am now going to Mr. —'s *office*.
- He is an *officer* of the police.
- There is no *oil* in the lamp.
- There has been some *omission* in copying the letter.
- বিচারস্থানে এমনি ধারা আছে, যে সাক্ষির দিব্য করিয়া বলে.
- তোমার কর্তব্য এই, যে তাঁহার আজ্ঞা মান.
- তুমি যে সেখানে গিয়াছিলি, তাহার কি অভিপায়?
- তুমি যেমত বল তাহা করিতে আমি অসম্মত নহি.
- আমার শিক্ষা করণেতে এই একটা বাধা আছে.
- তোমার এখানে আসাতে কোন পয়োজন নাই.
- কালি আমার পুত্রের বিবাহ হইবে, আপনি আসিয়া আহ্বান দিত করিবেন.
- এটা বড় আশ্চর্য্য বিষয় বটে.
- আমি কি অপরাধ করিয়াছি?
- এখন আমি অমুরুসাহেবের দপ্তর খানায় যাইতেছি.
- তিনি কোতোয়াল.
- পুদীপে তৈল নাই.
- এই নকল কাগজে আসল পত্রের কোন কথা লিখিতে ভুল হইয়াছে.



- What is your *opinion* on this subject? এ বিষয়ে তুমি কি বিবেচনা কর?
- I shall go to Madras by sea the first *opportunity*. যে জাহাজ পুখুম খুলিবে তাহাতে চড়িয়া আমি মান্দরাজে যাইব.
- He has met with much *opposition*. অনেকে তাহার বিপরীত হইয়াছে.
- I have bought some *oranges*. আমি কতক গুলি কমলালেবু কিনিয়াছি.
- He is celebrated as an *orator*. তিনি বক্তারূপেতে খ্যাতিাপন্ন.
- Sir, what are your *orders*? মহাশয় কি আজ্ঞা করেন?
- This school is without *order*. এ পাঠশালায় কোন ধারা নাই.
- Do you know the *origin* of this saying? এই কথাটির গোড়া কি তুমি জান?
- They wear different kinds of *ornaments*. তাহারা নানা পুকার বেশ ভূষা করিয়া থাকে.
- These children are *orphans*. এই শিশুরদের মা বাপ নাই.
- He did that only through *ostentation*. কেবল নাম হইবার জন্যে সেই রূপ করিয়াছেন.
- I have seen the *outside* of the house, shew me the inside. ঘরের বাহির আমি দেখিয়াছি, এখন ভিতর দেখাও.
- Who is the *owner* of the house? সে ঘরের কর্তা কেটা?
- I have received a *packet* from Madras. মান্দরাজের কতক গুলি পত্র আমি পাইয়াছি.
- I have a *pain* in my head. আমার মাথায় বেদনা হইয়াছে.
- Where did you get this *paint*? এ রঙ্গ কোথায় পাইয়াছিল?

This is a beautiful <i>painting</i> .	এ ছবিখান বড় সুন্দর.
Have you read that <i>pamphlet</i> ?	তুমি কি সেই ছোট পুস্তক পড়িয়াছ?
There are ten <i>panes</i> of glass in this window.	এই জানালাতে দশ খান পরকলা আছে.
I have forwarded to him the <i>parcel</i> .	তাহার নিকট সেই পুলিন্দা পাঠাইয়া দিয়াছি.
Sir, I beg your <i>pardon</i> .	মহাশয় আমাকে ক্ষমা করুন.
He said that his <i>parents</i> had given him leave to do so.	সে বলিল, যে তাহার মা বাপ ঐ মত করিতে বলিয়াছেন.
<i>Parrots</i> may be taught to speak.	তোতা পক্ষিকে কথা কহিতে শিক্ষা করাইতে পারা যায়?
I find I am mistaken in this <i>particular</i> .	এখন আমি টের পাইলাম, যে এ বিষয়ে আমার ভুল হইয়াছে.
He is a <i>partner</i> in the house of Mess <sup>rs</sup> —— & Co.	তিনি শুমিযুক্ত——কোম্পানীর শরের ভাগী.
Each of them fav ors his own <i>party</i> .	তাহারদের সকলেই আপন পক্ষে টানে.
Have you procured a <i>pass</i> for these goods?	এ দ্রব্যের ছাড় চিঠী কি পাইয়াছ?
I have taken my <i>passage</i> for Bombay.	বোম্বাই যাইবার জন্যে আমি ভাগে জাহাজ ভাড়া করিয়াছি.
How many <i>passengers</i> were there in the ship?	জাহাজে কত জন ভাড়াটী ছিল?
He has obtained a <i>passport</i> to go to Agra.	আগরা যাইবার নিমিত্তে পথের এক ছাড় চিঠী পাইয়াছে.

- One ought never to be in a *passion*. হঠাৎ ক্রোধে জ্বলিয়া উঠা ভাল নহে.
- Make some *paste* to paste this paper with. এই কাগজে দিবার জন্যে কিছু কাই পুস্তক কর.
- This *path* leads to the village. এটা গুামে যাইবার পথ.
- It becomes us to exercise *patience* in adversity. দুর্দশা হইলে ধৈর্য্যাবলম্বন করা ভাল.
- He is the *patron* of learning. বিদ্যার সঞ্চার যাহাতে হয় তিনি তাহার চেষ্টা করেন.
- Under whose *patronage* has this work been commenced? এ কর্ম্ম আরম্ভ করিবার সময় কে আনুকূল্য করিয়াছিল?
- You must give me a *pattern* to work by. একখান নমুনা দেহ, আমি তাহাই দেখিয়া কর্ম্ম করি.
- I have received a month's *pay* before hand. আমি আগামি এক মাসের মাহি-য়ানা পাইয়াছি.
- When will be the time of *payment* for these goods? এ দ্রব্যের টাকা দিবার নিয়ম কত দিন?
- We have no *peace* when he is present. সে আসিয়া সকলের সঙ্গেই ঝকড়া লাগায়.
- For doing this you must pay a *penalty*. যে কর্ম্ম করিয়াছ, ইহাতে দণ্ড দিতে হইবে.
- Lend me your *penknife* to cut this *pencil* with. এই পেনশিল কাটিবার জন্যে তোমার ছুরীখান দেহ.
- Beat this *pepper* in the mortar. এই মরিচগলা হামাম্‌দিস্তায় গুঁড়া করিয়া দেহ.
- We ought to aim at *perfection*, though we cannot attain it. আমরা কৃতকর্ম্মা হইতে না পারিলেও চেষ্টা করা উচিত.

- Every apartment was filled with fragrant *perfumes*. তাহার পুতোক কুঠরী সুগন্ধি দ্রব্যের আমোদে পরিপূর্ণ।
- The present is a *period* of vast improvement in science. এখন সকল পুকার বিদ্যার বৃদ্ধি হইতেছে।
- Have you obtained a *permit* for these goods? এ দ্রব্যের রওয়ানা কি পাইয়াছ ?
- I have *permission* to be absent three months. তিন মাসের ছুটী পাইয়াছি।
- He is a man of great *perseverance*. তিনি বড় লাগাট, কোন কয়েই শীঘ্র ক্লান্ত হন না।
- It was owing to his *persuasion* that I did so. তাহার উপরোধেতে আমি এমত করিলাম।
- You must make a *petition* to the Board of Trade. বাণিজ্যের বিষয়ে তদারক কর্তারদের নিকটে নিবেদন করিতে হইবে।
- Have you a *phial* in which to put the medicine? তোমার কি ঔষধ রাখিবার শিশি আছে?
- This *phrase* is very common. এই চার চলিত।
- Do you know what *physician* attends him? কোন কবিরাজ তাহার চিকিৎসা করে তাহা কি তুমি জান ?
- I am not fond of taking *physic*. আমি ঔষধ খাইতে ভাল বাসি না।
- What is the price of this jar of *pickles*? আচার হাঁড়ীর মূল্য কত হইবে?
- I will shew you a beautiful *picture*. একখান সুন্দর ছবি তোমাকে দেখাইব।
- Give me a small *piece* of paper. একটু কাগজ আমাকে দেহ।

- He is a person of great *piety*. তিনি এক জন ধার্মিক.
- Drive those *pigs* out of the garden. এই শূকর গুলাকে বাগান হইতে তাড়াইয়া দেও.
- He is become a *pilgrim*, and is gone on *pilgrimage*. এখন তিনি দণ্ডী হইয়া তীর্থ ভ্রমণ করিতেছেন.
- His house is ornamented with *pillars*. তাহার ঘরখান স্তম্ভেতে বিভূষিত.
- I want a pair of *pincers*. আমি একটা সাঁড়াসী চাহি.
- Whose is that *pinnace* which is now passing? এখন যে যাইতেছে ও বজরাখান কাহার?
- I was near falling into a *pit*. আর একটু হইলেই আমি গর্তে পড়িয়াছিলাম.
- We ought to exercise *pity* towards the afflicted. দুঃখিত লোককে কৃপা করা উচিত.
- What a *pity* you did not tell me this before! হায়ঃ আগে যদি আমাকে ইহা বলিতা!
- What is the name of the *place* where he lives? যে স্থানে তিনি থাকেন সে স্থানের নাম কি?
- There is no end to the *plague* and trouble of this business. ইহাতে কেবল নানা পুকার দুঃখ আর লটখাটি মার.
- Have you seen the *plan* of the building? যে ঘর বানাইতে হইবে তাহার নক্সা কি তুমি দেখিয়াছ?
- Smooth this board with a *plane*. রেন্দা দিয়া এ তক্তা পরিষ্কার কর.
- Are these *planks* for sale? এ তক্তাগুলা কি বিক্রয় হইবে?
- They spend their time in *play*. তাহারা খেলা করিয়াই কাল কাটায়.

- What *pleasure* is there in being idle? বসিয়া থাকিলে কি সুখ হইবে?
- Take as much as you please, I have *plenty*. যত তোমার ইচ্ছা হয় তত লও, আমার যথেষ্ট আছে.
- I have a *plough* and one pair of oxen. আমার এক লাঙ্গল আর এক জোড়া বলদ আছে.
- He is a *poet*, have you seen his last *poem*? তিনি কবি, যে কবিতা তিনি শেষে লিখিয়াছিলেন তাহা কি তুমি দেখিয়াছ?
- Are you fond of reading *poetry*? তুমি কি কবিতা পড়িতে ভাল বাস?
- This needle has no *point*. She has been at the *point* of death. এ শূঁচের আগা ভাঙ্গিয়া গিয়াছে. তিনি পুায় মরং হইয়াছিলেন.
- He received us with the greatest *politeness*. তিনি বড় সম্মানের করিয়া আমাদের সহিত কথোপকথন করিলেন.
- He rides out every morning on his *pony*. তিনি পুতিদিন পুাতঃকালে টাটুতে চড়িয়া বেড়ান.
- The *pores* of the skin are not perceptible. লোমকূপ দেখা যায় না.
- I have his *portrait* in my possession. তাহার মূর্তির ছবি আমার কাছে আছে.
- There is no *possibility* of your getting there to-day. তুমি যে সেখানে আজ পৌছিবা এমন সম্ভবে না.
- If the letter goes by to-day's post, you must send it to the *post-office* now. সে পত্র যদি আজি ডাকে যায়, তবে এখন ডাক ঘরে পাঠাইতে হইবে.

- What will be the *postage*? ডাকের ব্যয় কত হইবে?
- I have sent word to the *post-master*. আমি ডাকের মুনসীকে সম্বাদ পাঠাইয়াছি.
- I mentioned that in the *post-script* of my letter. আমার পত্রে পুনশ্চ করিয়া তাহা লিখিয়াছি.
- Why do you sit in that *posture*? তুমি এমত করিয়া বইস কেন?
- Though in great *poverty*, she is not unhappy. সে দীন হওয়াতে ও মনে দুঃখী হয় নাই.
- It is beyond my *power* to understand this. আমার এমত ক্ষমতা নাই, যে আমি এই কথা বুঝিতে পারি.
- Whence arose this *practice*? কি জন্যে সে ধারা হইয়াছিল?
- Good men spend much of their time in *prayer* and *praise* to God. সাধু লোকেরা বারং ঈশ্বরের আরাধনা করিয়া থাকেন.
- In the book which you gave me, are many excellent *precepts*. যে পুস্তক তুমি আমাকে দিয়াছিল, তাহার মধ্যে অনেক উত্তম কথা আছে.
- He is less capable than his *predecessor*. আগে যে ব্যক্তি ছিল তাহাইহঁতে এ অপারক.
- Your *prediction* has been fulfilled. তুমি যে কথা বলিয়াছিল তাহা ফলিল.
- We ought to get rid of *prejudice*. না দেখিয়া না শুনিয়া মন্দ জ্ঞান করা, এ বড় অকর্তব্য.
- He received a *premium* of one hundred rupees. তিনি একশত টাকা পারিতোষিক পাইয়াছেন.
- The doctor wrote this *prescription*. কবিরাজ মহাশয় এই ঔষধের পেষ্টা করিয়া দিয়াছেন.

- He said so in my *presence*. সে আমার সাক্ষাতে এমনত বলিল.
- Through the blessing of God, ঈশ্বরের অনুগ্রহেতে এই ঔষধ  
I owe the *preservation* of খাইয়া আমার পুণ-বাঁচি-  
my life to this medicine. যাছে.
- Are you fond of *preserves*? তুমি কি মোরঝা জল বাস?
- Do you know who is the সে সম্মুদায়ের পুধান কে, তাহা  
*president* of that society? কি তুমি জান?
- Your book was printed at তোমার পুস্তক মিশন ছাপা-  
the *Mission Press*. খানাতে ছাপা হইল.
- This is merely a *pretence*. এ কেবল তাহার একটা ছল.
- We ought to shun *pride*. অহঙ্কার ত্যাগ করা উচিত.
- The *prisoners* were all set বন্দুয়ানেরা সকলেই মুক্ত হইল.  
at liberty.
- Is there any *probability* of তাহার সঙ্গে সাক্ষাৎ হইবে এমন  
my seeing him? কি তোমার বোধে আইসে?
- Those articles are the *pro-* এই সকল দ্রব্য এ দেশেতে উৎপন্ন  
*duce* of this country. হয়.
- We must keep our *promises*. আমরা যাহা অঙ্গীকার করি,  
তাহা পূতিপালন করিতে হয়.
- Is my *pronunciation* correct? আমার উচ্চারণ কি শুদ্ধ হই-  
য়াছে?
- What *proof* can you give of ইহার কি কিছু পুমাণ দিতে পার?   
this?
- If you take away this *prop*, এই চাড়া যদি খুলিয়া লও, তবে  
the roof may fall. ছাত পড়িয়া যাইবে.
- He is a person of *property*. তিনি ধনী.
- You will receive your due যে লাভ হইবে তাহার ষথার্থ ষে  
*proportion* of profits. অংশ তাহা তুমি পাইবা.



- Are you the *proprietor* of the house? তুমি কি এই ঘরের কর্তা?
- They fled to the king for *protection*. তাহারা পলাইয়া গিয়া রাজার আশ্রয় লইল.
- Alas! they are without a *protector*. হায়! তাহাদের রক্ষাকর্তা কেহ নাই.
- This is a common *proverb*. এই উৎপেক্ষাটা চলিত বটে.
- Providence* directs all things. ঈশ্বরের আজ্ঞাতে সকলেই চলে.
- This disorder has spread through the whole *province*. এই রোগ তাবৎ দেশেতে ব্যাপ্ত হইয়াছে.
- We were five days without *provision*. পাঁচ দিন পর্যন্ত আমাদের কোন খাইবার দ্রব্য ছিল না.
- Have you made *provision* for the journey? তুমি কি যাইবার সকল দ্রব্য পুস্তত করিয়াছ?
- A *puff* of wind will upset this boat. একটু বাতাস হইলে এ নৌকা খান উলটিয়া ফেলিবে.
- Let me feel your *pulse*. তোমার নাড়ী ধরিয়া দেখি.
- What *punishment* does he deserve? তাহার কি শাস্তি দেওয়া উচিত?
- I am reading a dialogue between a *pupil* and his *preceptor*. গুরু শিষ্যের কথোপকথনের পুস্তক পড়িতেছে.
- There were few *purchasers*. পায় গৃহীত ছিল না.
- For what *purpose* do you intend this? ইহাতে তুমি কি কর্ম করিবা?
- He has found a *purse* with five gold mohurs in it. পাঁচটা মোহর স্ত্রদ্ধা একটা থলিয়া পড়িয়া পাইয়াছি.

- Your pursuit of *pleasure* will be fruitless.      চেষ্টা করতে তোমার সুখ হইবে না।
- I see no *prospect* of his recovery.      তাহার সুস্থ হইবার লক্ষণ দেখি নাই।
- He is now in great *prosperity*.      এখন তাহার বড় লক্ষী ভাগ্য হইয়াছে।
- What are the *queries* which you propose?      তুমি কিং পুশু করিয়াছ?
- He possesses many excellent *qualifications*.      তাহার বড় সুন্দরং গুণ আছে।
- Of what *quality* is this cloth?      এ কি পুকার কাপড়?
- What *quantity* do you wish for?      তুমি কত চাহ?
- They appear to be fond of *quarrels*.      বোধ হয় যে তাহারা ঝকড়ু।
- Is the work printed in folio, *quarto*, octavo, or duodecimo?      এ পুস্তক কি রূপ ছাপাইয়াছে, একতা কি আধতা, এক ওরোক কি আধ ওরোক?
- The king and *queen* were both present.      সেখানে রাজা রাণী দুই জন ছিলেন।
- Please give me a *quill* and a *quire* of paper.      একটা আন্ত কলম আর এক দিস্তা কাগজ আমাকে দেহ।
- This is a *quotation* from some other book.      এই কথা আর কোন পুস্তকের হইবে।
- He lost all his money at a horse *race*.      এক বার ষোড় দৌড়েতে সে সকল টাকা হারাইয়াছে।
- Paper is made of *rags*.      ছেঁড়া নেকড়ায় কাগজ পুস্তত হয়।

- Some of the garden *rails* are broken. বাগানের কতক গুলা গরাদা ডাঙ্গিয়াছে.
- There has been much *rain* this month. এ মাসে বড় বৃষ্টি হইয়াছে.
- Look—there is a beautiful *rainbow*. দেখে দেখি বড় সুন্দর রামধনুক হইয়াছে.
- Are you fond of *raisins*? তুমি কি কিচুমিচ্ ভাল বাস?
- What is his *rank* in the army? সে সেনাপতির কি উপাধি?
- At what *rate* did you buy this cloth? একপড় কত মূল্যে কিনিয়াছ?
- The *rays* of the sun are very powerful. এখন সূর্যের কিরণের বড় তেজ.
- There are twenty *quires* of paper in one *ream*. কুড়ি দিস্তা কাগজে এক গার্ভি হয়.
- Man is possessed of *reason*, the beasts are not. বিবেচনা করিবার শক্তি মনুষ্যের আছে, পশুর নাই.
- What is the *reason* you cannot be silent? তুমি চুপ করিয়া থাকিতে পার না কেন?
- Please to give me a *receipt* for the money. সে টাকার রসীদ আমাকে দেহ.
- Did you meet with a kind *reception*? তিনি তোমার সমাদর করিয়াছিলেন কি না?
- Do you know the *recipe* for this medicine? এই ঔষধের পেষ্টা কি করিতে জান?
- I have no *recollection* of his having told me this. ইহা যে তিনি আমাকে বলিয়াছেন, এমত আমার মনে পড়ে না.

- Sir, be pleased to give me a letter of *recommendation* to that gentleman. মহাশয় অনুগ্রহ করিয়া ঐ সাহেবের নামে আমাকে এক সুপারিস দেউন.
- I desire no *recompense* for serving you. লাভ হইবে বলিয়া আমি কিছু তোমার উপকার করি নাই.
- She is gone there for the *recovery* of her health. সুস্থ হইবার জন্যে তিনি সেখানে গিয়াছেন.
- Can you give me a *reference* to any one respecting your character? তোমার গুণাগুণ জিজ্ঞাসা করিলে বলিতে পারে, এমনত এক জনের নাম কি আমার কাছে বলিতে পার?
- He made no *refusal*. তিনি কোন রূপে অসম্মত হইলেন না.
- I bear him very great *regard*. আমি তাঁহাকে বড় মান্যমান করি.
- A *regiment* of soldiers came into the Fort yesterday. কালি এক পল্টন সৈন্য দুর্গেতে আসিয়াছে.
- I feel great *regret* at the loss of your company. তোমার না থাকাতে আমার বড় দুঃখ হইতেছে.
- The business is conducted with the greatest *regularity*. সে কর্ম্ম অতি সুন্দর ধারানুসারে চালান যাইতেছে.
- The monthly *rent* of this house is fifty rupees. সে ঘরের ভাড়া মাসড়া পঞ্চাশ টাকা.
- Your house needs *repairs*. তোমার ঘর সারাইতে হইবে.
- Hereafter our *repentance* will be to no purpose. পরকালে খেদ করিলে কোন ফল হইবে না.
- This is a *repetition* of what was said before. এখানে যে কথা আছে সে আগে এক বার লেখা গিয়াছে.

- What *reply* do you make to my question? ইহার উত্তর তুমি কি দেও?
- I have made a *report* to Mr. ———. আমি ——— সাহেবের কাছে বিস্তারিত করিয়া লিখিয়াছি.
- This *report* is without foundation. সেই সমাচারের আগা গোড়া পাওয়া যায় না.
- Their conduct deserves *reproof*. ইহাতে তাহারদের দমন করা উচিত.
- What *request* did they make? তাহারা কি নিবেদন করিয়াছিল?
- Is that your *residence*? সেখানে কি তুমি বাস কর?
- The enemy fled without making *resistance*. শত্রু লোক একেবারে পরাভূত হইয়া পলাইল.
- To do this requires *resolution*. এমত কর্ম করিতে কিছু সাহস চাহি.
- I pay a great *respect* to what he says. তাহার কথা আমি বড় মান্যমান করি.
- I had no *rest* last night. গত রাত্রিতে চক্ষুর পাতা মুদি নাই.
- What was the *result* of your deliberation? তোমারদের পরল্পর পরামর্শতে শেষ কি হইল?
- I am now going out, I will speak with you on my *return*. এক্ষণে আমি বাহিরে যাইতেছি, ফিরিয়া আইলে পর তোমার সহিত কথা কহিব.
- In the world to come, their *reward* will be great. পরকালে তাহারদের বড় ফল হইবে.
- Tie this with a *ribbon*. এইটা ফিতা দিয়া বান্ধিয়া রাখ.
- What are *riches* to him who has no heart to make a right use of them? ধনের যথার্থ ব্যয় করিতে যাহার মন হয় না, তাহার ধনে কায কি?

- Can you tell the meaning of this *riddle*? এই হেঁয়ালির অর্থ কি তুমি বলিতে পার?
- She has lost her diamond *ring*. তিনি হিরার আঙ্গুটি হারাইয়া ছেন.
- He is more successful than his *rival*. বাদাবাদি করিয়া কৰ্ম করাতে তাহার জয় হইয়াছে.
- The ship ran upon a *rock*, and was lost. সে জাহাজ পাতরে চেকিয়া মারা পড়িল.
- The *roof* of the house has fallen in. ঘরের মধ্যে ছাদ ভাঙ্গিয়া পড়িয়াছে.
- How many *rooms* are there in the house? সেই ঘরের কয়টা কুঠরী আছে?
- All those trees have been at once dug up by the *roots*. সে সকল গাছগুলো শূন্য একিবারে উপড়িয়া ফেলিয়া গিয়াছে.
- Make the boat fast with a *rope*. খাট কাছী দিয়া নৌকা বান্ধিয়া রাখ.
- The vessel struck upon a sandbank, and lost her *rudder*. সেই জাহাজ বালীর উপরে চেকিয়া হাইল ভাঙ্গিয়া গিয়াছে.
- These things will end in his *ruin*. এই সকল ক্রিয়াতে শেষ উহার সর্বনাশ হইবে.
- What *rule* do you observe in study? কি নিয়মেতে তুমি বিদ্যাভ্যাস কর?
- God is the *ruler* of the universe. এই সম্পারের বিধাতা পরমেশ্বর.
- This knife is covered with *rust*. এই ছুরীখানময় মরিচা ধরিয়াছে.

Obedience to the commands of God, is more acceptable than <i>sacrifice</i> .	বলিদান করা হইতে ঈশ্বরের আজ্ঞা পুতিপালন করাতে তিনি তুষ্ট হন.
He is accustomed to ride without a <i>saddle</i> .	সে পালান না দিয়া ঘোড়ার উপরে চড়ে.
We may live here in <i>safety</i> .	এখানে আমরা সাহসপূর্বক বাস করিতে পারিব.
We walked by the <i>sea-shore</i> .	আমরা সমুদ্রের তীরে বেড়িয়া বেড়াইলাম.
This is a <i>sign</i> of rainy weather.	বৃষ্টি হইবার এই লক্ষণ.
Whose <i>signature</i> is this?	এ কাহার স্বাক্ষর?
All remained in <i>silence</i> .	সকলেই চুপ করিয়া রহিল
This is a <i>silk</i> manufactory.	এ রেসমের কারখানা.
He is a man of <i>sincerity</i> .	তিনি বড় খারালোক.
What <i>size</i> is the book you speak of?	যে পুস্তকের কথা বলিতেছ সে পুস্তক কত বড়?
Here is a <i>sketch</i> of the village.	সেই গ্রামের নক্সার এই চাট.
The <i>sky</i> is overcast.	আকাশকে মেঘেতে আচ্ছন্ন করিয়াছে.
I had no <i>sleep</i> all last night.	কালি সারা রাত্রিতে আমার ঘুম হয় নাই.
These flowers are without <i>smell</i> .	এই ফুলগুলোয় গন্ধ নাই.
The house is full of <i>smoke</i> .	এ ঘরখানায় বড় ধূয়া হইয়াছে.
Have you bought any <i>soap</i> ?	তুমি কি কিছু সাবান কিনিয়াছ?
Are you fond of <i>society</i> , or do you love solitude?	তুমি লোকের সঙ্গে থাকিতে, কি একলা থাকিতে ভাল বাস?

- What is the name of this *society*? এই সম্মুদায়ের নাম কি?
- This *soil* is fertile. এই ভূমি খান বড় উর্বরা.
- I wished to tell you *something*, but have forgot what. আমি মনে করিয়াছিলাম যে তোমাকে আমি কোন কথা বলিব, কিন্তু এখন তাহা মনে পড়ে না.
- This occasions me much *sorrow*. ইহাতে আমার বড় দুঃখ জন্মে.
- Is this the *sort* you wanted? তুমি কি এই পুকার চাহ?
- The *soul* must be happy or miserable for ever. মনুষ্যের আত্মার পরকালে অনন্ত সুখ হইবে, কি অনন্ত দুঃখ হইবে.
- I hear the *sound* of music. আমি বাদ্যের শব্দ শুনিতে পাইতেছি.
- Leavé more *space* between the lines. পড়ি গুলা আর কিছু ফাক ২ করিয়া লেখ.
- A spark of fire may set in *flames* a village. এক কণা আগুনেতে সকল গাম পোড়াইতে পারে.
- Shew me a *specimen* of your writing. তোমার হাতের লেখা একটু দেখাও দেখি.
- He wears *spectacles*. তাহার চশমা নাকে আছে.
- They trade in different kinds of *spices*. তাহারা নানা পুকার মসলা বেচিয়া থাকে.
- He has done this merely out of *spite*. সে কেবল ঈর্ষা ঈর্ষি করিয়া এক কর্ম করিয়াছে.
- There is a *spot* of ink on your clothes. তোমার কাপড়ের উপরে একটা কালীর দাগু লাগিয়াছে.
- I live now in Tank *Square*. এখন আমি লালদীঘির ধারে থাকি.



He was sitting on the <i>stairs</i> .	সে সিঁড়ির উপরে বসিয়াছিল.
This paper has no <i>stamp</i> .	এতো ফাঁপ কাগজ নয়.
He is a person high in <i>station</i> .	তিনি বড় লোক, তাঁহার উত্তম পদ হইয়াছে.
She intends to make a long <i>stay</i> there.	এমন মনস্থ আছে, যে তিনি সেখানে অনেক দিন থাকিবেন.
He walks with a <i>stick</i> .	তিনি লাটী ধরিয়া চলেন.
This fly has no <i>sting</i> .	এই মাছিটার হল নাই.
This boat has neither <i>mast</i> nor <i>sail</i> .	এ নৌকার মাস্তুল নাই, পাইলও নাই.
<i>Sailors</i> visit different quarters of the globe.	জাহাজী লোকেরা পৃথিবীর নানা ভাগে যায়.
His <i>salary</i> is five hundred rupees a month.	তিনি পাঁচ শত টাকা বেতন পাইয়া থাকেন.
There will be a <i>sale</i> of <i>salt</i> to-morrow.	কালি একটা লবণের নিলাম হইবে.
<i>Salvation</i> will belong to those only who love and serve God.	যাহারা ঈশ্বরের পেম করিয়া তাঁহার আজ্ঞা পুত্তিপালন করে, কেবল তাহারাই পরিত্রাণ পাইবে.
Shew me a <i>sample</i> of the rice.	চাউলের নমুনা আমাকে দেখাও.
This rice is full of <i>sand</i> .	এ চাউলে বালি ভরা.
<i>Satan</i> is the enemy of God and man.	শয়তান ঈশ্বরের ও শত্রু, এবং মানুষের ও শত্রু.
Your book has afforded me much <i>satisfaction</i> .	তোমার পুস্তক দেখিয়া আমি অনেক বিষয়ের টের পাইয়া সন্তুষ্ট হইলাম.

- This is an old *saying*. এ কথাটা পুরাতন।
- There is now no *scarcity* of grain. এখন ধান্যের আর অভাব নাই।
- I have bought a *score* of sheep. আমি এক কুড়ি ভেড়া কিনিয়াছি।
- He treated my advice with *scorn*. আমার পরামর্শ সে তুচ্ছ জ্ঞান করিয়াছে।
- Why have you made so many *scrawls*? তুমি এত ফেঁচ টানিয়া লিখিয়াছ কেন?
- This lock is fastened on with *screws*. এ কুলুপটা পেঁচে আঁটা।
- The ship will go to *sea* tomorrow. সে জাহাজ কালি খুলিবে।
- What did you give for that *seal*? সে মোহর কিনিতে কত মূল্য দিয়াছ?
- There are no *seams* in this cloth. এ কাপড় খানে যোড় নাই।
- I had a long *search* to no purpose. বিস্তর চেষ্টা করিয়া অনুসন্ধান পাইলাম না।
- This is a pleasant *season* of the year. বৎসরের মধ্যে এই সময়টা ভাল।
- That is a *secret*, I must not tell it. সেটা গুপ্ত কথা, আমি কহিতে পারিব না।
- Baboo Ramjeebon is the Society's *secretary*. সে সোসাইটির মুহুরী বাবু রাম জীবন।
- You will find this in the fourth chapter, fifth *section*. এই কথা তুমি চতুর্থ পর্বে পঞ্চম পৃকরণে পাইবা।

Sow this <i>seed</i> in the garden.	বাগানেতে এই বীজ বুন.
She possesses much <i>sense</i> and judgment.	তিনি বুদ্ধিমতী ও বিবেচিকা.
We ought to mortify our <i>senses</i> .	ইন্দ্রিয় দমন করা আমাদের কর্তব্য.
Surely he is out of his <i>senses</i> .	বুঝি তাহার অন্তঃকরণ ঠিক নাই.
There is neither beginning nor end to this <i>sentence</i> .	এ পদটার আঁগা গোড়া নাই.
My <i>sentiments</i> on the subject agree with yours.	এ বিষয়ে তোমার ও আমার বিবেচনা এক হইয়াছে.
How long is it since their <i>separation</i> .	কত দিন তাহার পৃথক্ হইয়াছে?
Send a <i>servant</i> .	এক জন চাকরকে পাঠাও.
I have been in his <i>service</i> ten years.	আমি তাহার কাছে দশ বৎসর চাকরি করিয়াছি.
I am ready to do you any <i>service</i> in my power.	আমি সাধ্যানুসারে তোমার উপকার করিব.
She has bought a <i>set</i> of China ware.	তিনি মেজের নিমিত্তে এক পুষ্টি চীনের দ্রব্য কিনিয়াছেন.
He wishes for a <i>settlement</i> of the account.	সে এখন হিসাব নিকাশ করিতে চাহে.
Sit in the <i>shade</i> of this tree.	এই গাছের তলায় বৈস.
What, have you no <i>shame</i> ?	এ কি? তোমার লজ্জা নাই?
Do you know what <i>shape</i> the earth is?	পৃথিবীর কেমন আকার কি ভূমি-জান?
Give me a <i>sheet</i> of paper.	আমাকে এক তা কাগজ দেহ.
I have found a beautiful <i>shell</i> .	আমি সুন্দর এক কড়াকড়ি পড়িয়া পাইয়াছি.

Whereabouts is his <i>shop</i> ?	তাহার দোকান কোন খানে ?
He has great <i>store</i> of learning.	তাহার অনেক বিদ্যা হইয়াছে.
I am a <i>stranger</i> here.	আমি বিদেশি লোক.
Where can we get <i>straw</i> ?	খড় কোথায় পাইব ?
I have but little <i>strength</i> .	আমি দুর্বল হইয়াছি.
Have you any <i>string</i> ?	তোমার কাছে কি দড়ি আছে ?
I have received his <i>subscription</i> .	যে স্বাক্ষর করিয়া দিয়াছিলেন, তাহা আমি পাইয়াছি.
Leaves are used as a <i>substitute</i> for paper.	লোক সকল কাগজের বদলে পাতায় লেখে.
We have had little <i>success</i> in our work.	সে কর্ম আমাদের হইতে হইল না.
Who is to be his <i>successor</i> ?	তাহার পরিবর্তে কে হইবে ?
He committed <i>suicide</i> .	সে আত্মহত্যা করিয়াছে.
I have but two <i>suits</i> of clothes.	আমার কেবল দুই যোড়া কাপড় আছে.
He has received a <i>summons</i> to attend the court tomorrow.	কালি বিচারস্থানে যাইতে হইবে, এমন এক পত্র পাইয়াছে.
I have received a <i>supply</i> of that article.	সেই দ্রব্য কতক আমি পাইয়াছি.
He has no means of <i>support</i> .	তাহার দিনপাতের পথ নাই.
I am his <i>surety</i> .	আমি তাহার জামিন হইয়াছি.
We saw a corpse floating on the <i>surface</i> of the water.	আমরা একটা মরাকে জলের উপরে ভাসিতে দেখিলাম.
I felt great <i>surprise</i> on hearing this.	এই কথা শুনিয়া আমার আশ্চর্য বোধ হইল.

- I have no *suspicion* that he  
has done this. আমার মনে নয় না, যে সে এমনত  
কর্ম করিয়াছে.
- Here is a *swarm* of bees. এক ঝাঁক মৌমাছি বসিয়া আছে.
- They teach without any *sys-  
tem*. তাহাদের কোন ধারা নাই,  
অমনি শিখায়.
- It is now *term* time, the  
court is open. এ কয় মাস বিচার হইবেক, এখন  
বিচারস্থান খোলা আছে.
- For what *term* have you  
taken this house? কয় দিনের নিমিত্তে তুমি এই  
ঘর ভাড়া করিয়াছ?
- Sir, I return you many  
*thanks*. মহাশয় আমাকে বিস্তর অনগুহ  
করিয়াছেন.
- They exercise no *thought* on  
the subject. সে কথা উপরে তাহারা কিছু  
বিবেচনা করে না.
- The prince was seated on a  
*throne*. রাজা এক সিংহাসনের উপরে  
বসিয়াছিলেন.
- The *tide* has begun to flow. এই জোয়ারের আরম্ভ হইল.
- Who brought these *tidings*? এ সমাচার কে আনিয়াছিল?
- Where shall we procure *tim-  
ber*? কোন খানে গেলে বাহাদুরী  
মিলিবে?
- Time* is short, eternity end-  
less. ইহকাল অল্প, পরকালের শেষ  
নাই.
- This is a *title* only. এ কেবল পদবী.
- They smoke *tobacco*. তাহারা তামাকু খায়.
- She has got the *tooth-ache*. তাহার দাঁতে বেদনা হইয়াছে.
- We travelled by the light of  
*torches*. আমরা মসাল জ্বালিয়া গেলাম.
- There are plenty of *toys* in  
the bazar. বাজারে অনেক খেলনা আছে.

- He gave me a *tract*.  
 তিনি আমাকে একখান ছোট  
 পুস্তক দিলেন.
- What is your *trade*?  
 তুমি কি ব্যবসায় করিয়া থাক ?
- Is this a good *translation*?  
 এই উর্দ্ধমা কি ভাল হইয়াছে ?
- I am going to the *treasury*.  
 আমি কোম্পানীর ধনাগারে যাই-  
 তেছি.
- His *trial* will take place to-  
 day.  
 তাহার বিচার আজি হইবে.
- I believe what he says is  
*truth*.  
 তাহার কথা আমি সত্য জান  
 করিয়াছি.
- What is the *value* of these  
 pearls?  
 এই মুক্তার কত মূল্য হইবে?
- He is full of *vanity*.  
 তাহার মন অহঙ্কারে পরিপূর্ণ.
- I meet with nothing but  
*vexation* in this business.  
 এ কর্ম করাতে কেবল আমার  
 দুঃখ জন্মে.
- They make no distinction  
 between *vice* and *virtue*.  
 তাহারা পাপ পুণ্যকে সমান জান  
 করে.
- I have left behind my *um-  
 brella*.  
 আমি ছাতিটা ভুলিয়া আসিয়াছি.
- He is a man of *understanding*.  
 তিনি বড় বুদ্ধিমান্ মনুষ্য.
- She has a fine *voice*.  
 তাহার স্বরখান বড় মিষ্ট.
- Is the book in one or two  
*volumes*?  
 সে পুস্তক একখান কি দুইখান  
 করিয়া জেলদ করা গিয়াছে ?
- He is now on a voyage to  
*Madras*.  
 এখন তিনি জাহাজে চড়িয়া  
 মান্দরাজ যাইতেছেন.
- What *use* is made of this?  
 ইহা কি কায়ে লাগে ?
- Please to give me a *wafer*.  
 পত্র আঁটিতে আমাকে একখান  
 কায়ের চাকুতি দেহ.

What *wages* do you receive? তুমি কি মাহিনা পাইয়া থাক?   
 The garden *wall* has fallen down. বাগানের পুঁচীর পড়িয়া গিয়াছে.

I am not in *want* of that at present. তাহাতে আমার এইরূপে কোন   
 পুয়োজন নাই.

This is his *warehouse*. এই গুদাম তাহার.

Your watch goes remarkably well. তোমার ঘড়ীটা সুন্দর রূপ   
 চলিতেছে.

These candles are made of *wax*. এ বাতীগুলা মোমের.

Is this the *way* to Chandernagore? এই রাস্তা কি চন্দননগরের?

In what *way* am I to do this? ইহা আমি কি রূপে করিব?

What is the *weight* of this stone? এ পাথরখান কত ভারি?

Tell him to dig a *well*. তাহাকে বল, যে একটা পাথ-   
 কুয়া কাটে.

The *venom* has been extracted from the *wound*. স্বা মুখে বিষ নামাইয়াছে.

You are welcome to the *whole*. তোমার ইচ্ছা হয় তো তুমি   
 সকলি লইয়া যাও.

He has left a *widow* and six children. স্ত্রী ও ছয় পুত্র রাখিয়া তিনি   
 মরিয়াছেন.

She possesses much *wisdom*. তিনি বড় বিবেচিকা.

What is your *wish*? তোমার বাঞ্ছা কি?

ADJECTIVES, &c.

বিশেষণ ইত্যাদি.

He is an *able* man.

তিনি বড় ক্ষমতাপন্ন লোক.

Are you *able* to do this?

ইহা কি তুমি করিতে পার?

I have been *absent* ten days.

দশ দিন আমি এখানে ছিলাম না.

It would be *absurd* to speak thus.

এমত কথাতে লোকে পাগল বলে.

Your present of a book was very *acceptable*.

তুমি যে পুস্তক আমাকে দিয়াছিল, তাহা আমার বড় গুহ্য হইয়াছে.

This fruit is very *acid*.

এ ফলটা বড় টক.

He is exceedingly *active* in the business.

সে বিষয়ে তিনি অনেক পুয়াস পাইতেছেন.

This is *admirable* writing.

এ অতি উত্তম লেখা.

Do you think it *advisable* to do so?

এমত করাতে কি ভাল হইবে, ইহাতে কি পরামর্শ দেহ?

Yes, I do, you will find it *advantageous* in many respects.

হঁ, অবশ্য ইহাতে তোমার নানা পুকার ভাল হইবে.

A school has been opened for *adult* persons.

বালক ছাড়া অন্য লোককে শিক্ষাইবার কারণ এক পাঠশালা করা গিয়াছে.

She is a dutiful and *affectionate* child.

সে বালিকা পিতৃ মাতৃ সেবায় তৎপর, ভক্তিও আছে.

I am *afraid* to go there.

সেখানে যাইতে আমার ভয় লাগে.

His company is very *agreeable*.

তাহার সহিত আলাপ করাতে মনের আহ্লাদ জন্মে.



God is <i>almighty</i> .	ঈশ্বর সর্বশক্তিমান্.
Delhi is an <i>ancient</i> city.	দিল্লী অনেক কালের শহর.
Does this make you <i>angry</i> ?	ইহাতে কি তোমার রাগ জন্মে?
Yes, I am very <i>angry</i> .	হাঁ, আমার বড় রাগ হয়.
<i>Annual</i> , that is, that happens every year.	বার্ষিক, অর্থাৎ বৎসর ২ যে হয়.
I am <i>anxious</i> to get there.	আমার মাতায় যেন বাড়ী পড়িতেছে, সেখানে না গেলে নয়.
I am <i>apt</i> to forget what I have heard.	কে জানে আমার কেমন মন, যাহা শুনি তাহাই ভুলিয়া যাই.
He studies the Bengalee, Sanscrit, Hindostanee, Persian, and <i>Arabic</i> languages.	তিনি এক কালে বাঙ্গলা ও সংস্কৃত এবং হিন্দী ও ফারসী আর আরবী ভাষা শিখিতেছেন.
This is an <i>arduous</i> undertaking.	এ বড় সাহসের কর্ম.
They are very <i>artful</i> .	তাহারা বড় ধূর্ত.
She is <i>attentive</i> to learning.	তিনি বিলক্ষণ রূপে শিক্ষা করেন.
These kind of amusements are <i>attractive</i> in the eyes of the people.	এই সকল খেলাতে লোকেরদের মন যায়.
He is extremely <i>avaricious</i> .	সে বড় কৃপণ.
Let your reading be in an <i>audible</i> tone of voice.	যাহাতে লোকে শুনিতে পায়, এমন করিয়া পড়.
I have reason to believe the information is <i>authentic</i> .	সে সম্বাদকে যে সত্য জ্ঞান করি, তাহার কারণ আছে.
How inexpressibly <i>awful</i> is the state of those who despise God?	যাহারা ঈশ্বরকে না মানে তাহারদের কেমন ঘোরতর দুর্দশা, যে বলিয়া জানন যায় না.

He is <i>awkward</i> at his work.	সে জন আপন ব্যবসায়ের পটু নয়.
This is an <i>awkward</i> circumstance.	এ ও এক অমঙ্গলের পাড়া.
Why do you write with a <i>bad</i> pen?	তুমি মন্দ কলম দিয়া কেন লেখ?
We sat on the <i>bare</i> ground.	আমরা খালী মাটিতে বসিলাম.
This land is entirely <i>barren</i> .	এ ভূমিখান কেবল লোণ.
Alas! that I should have been guilty of such <i>base</i> conduct.	হায়! আমার দোষের সীমা নাই, আমি কি এমন অধম আচরণ করিয়াছি.
That is a <i>beautiful</i> garden.	ঐ বাগান খানি বড় সুন্দর.
Which is the <i>best</i> , his book, or her's?	ইহার কি উহার, কাহার পুস্তক ভাল?
I think it will be <i>best</i> to do so.	আমার বোধ এই, যে সেই মত করা ভাল.
Mine is <i>better</i> than yours.	তোমার হইতে আমার ভাল.
How <i>big</i> is the book you speak of?	যে পুস্তকের কথা তুমি কহিয়াছ সে পুস্তক কত বড়?
This fruit has a <i>bitter</i> taste.	এ ফল তিক্ত লাগে.
Am I <i>blameable</i> in this?	ইহাতে আমার দোষ হইবে কিনা?
No, without doubt you are <i>blameless</i> .	না, ইহাতে তোমার কোন দোষ নাই.
He is now quite <i>blind</i> .	এখন তিনি অন্ধ হইয়াছেন.
Before, he was <i>blind</i> of one eye only.	পূর্বে তাহার কেবল এক চক্ষু কাণা ছিল.
He was led <i>blind-fold</i> through the city.	তাহার চক্ষু ঢাকিয়া শহরের ভিতর দিয়া লইয়া গেল.
This knife is very <i>blunt</i> .	এ ছুরিখান বড় ভোঁতা.

- He does not suffer much *bodily* pain. তাহার গায়ে বড় একখান বেদনা নাই.
- I am not so *bold* as he. তাহার মত সাহস আমার নাই.
- He commands very *brave* soldiers. তাহার অধীন অতি সাহসিক সেনা সকল আছে.
- Do you observe that *bright* star? তুমি কি ঐ শাদা তারাটাকে দেখিতে পাইতেছ?
- The diamond is the most *brilliant* of all jewels. সকল মণিহইতে হীরার তেজ বড়.
- How *broad* shall I make this mat? এই মাজুরি কত খানি ওসার করিতে হইবে?
- What colour shall I make it? black, white, red, green, *brown*, blue or yellow? কালো কি শাদা কি লাল কি সবুজ কি শ্যাম কি নীল কি পীত, ইহার কোন রঙ্গ দিব?
- He is now very *busy*, and cannot speak to you. এখন তিনি বড় ব্যস্ত আছেন, তোমার সঙ্গে কথা কহিতে পারিবেন না.
- The sea was quite *calm*. সে সময় সমুদ্র নিখর ছিল.
- I have bought a very *capital* watch. আমি এক বড় ভাল ঘড়ী কিনিয়াছি.
- We ought to be *cautious*, and not to give unnecessary offence to any. অপয়োজনে আমরা যেন কোন লোকের মনঃক্ষুব্ধ না করি, ইহাতে সাবধান থাকা ভাল.
- He is a *celebrated* poet. তিনি অতি খ্যাতা পন্ন কবি.
- Do you think what he says is true? yes, I am *certain* of it. তাহার কথাতে কি তোমার সত্য বোধ হইয়াছে? হাঁ, সে সত্য ইহাতে আমার কোন সন্দেহ নাই.

His mind is very <i>changeable</i> .	তিনি আপন অন্তঃকরণ চিক রাখিতে পারেন না.
They are very <i>charitable</i> to the poor.	তঁাহারা দুঃখি লোককে অনেক দান করিয়া থাকেন.
These articles I think are <i>cheap</i> .	ঐ মূল্যে এ দ্রব্য গুলি পাইলে সস্তা বোধ হয়.
My <i>chief</i> reason for coming here was to see you.	এখানে আসার প্রধান ফল এই, যে তোমার সহিত সাক্ষাৎ হয়.
These are but <i>childish</i> em- ployments.	এ সকল কর্ম কেবল বালকের মত.
The <i>Christian</i> religion teaches us to love God supremely, and our neigh- bour as ourselves.	খ্রীষ্টিয়ান ধর্মে এই লেখা আছে, যে সর্ব্বাঙ্গে ইশ্বরকে পূজ করা আর সকলকে আত্মতুল্য বোধ করা আমারদের কর্তব্য.
<i>Circular</i> , that is, that forms a circle.	গোলাকৃতি, অর্থাৎ যে চারি দিকে গোল.
He is one of the Company's <i>Civil Servants</i> .	তিনি কোম্পানীর এক জন রাজ্য রক্ষার চাকর.
He is <i>civil</i> to every one.	তিনি সকলকেই পিয় কথা কহেন.
Wash your face and hands <i>clean</i> .	হাত ও মুখ ধুইয়া পরিষ্কার কর.
She is more <i>clever</i> than he.	তাহাইহঁতে সে পারগ.
To-day it is very <i>cloudy</i> .	আজি বড় মেঘ হইয়াছে.
This cloth is very <i>coarse</i> .	এ বড় মোটা কাপড়.
I feel very <i>cold</i> .	আমার বড় শীত লাগিতেছে.
This is a <i>commercial</i> city.	এই এক বাণিজ্য করিবার শহর.
The <i>common</i> people speak thus.	ইতর লোকে এই মত বলিয়া থাকে.

- He appears to be very *communicative*.  
 বোধ হয় তাহার মন বড়  
 নির্মল, সকল কথাই পুকাশ  
 করিয়া কহে.
- Are you *competent* to the  
 work?  
 এ কর্ম করিতে কি তোমার শক্তি  
 আছে?
- He is *complete* master of the  
 language.  
 সে ভাষায় তাহার বড় অধিকার  
 জন্মিয়াছে.
- His speech was *concise*, but  
 much to the purpose.  
 তিনি সংক্ষেপে বলিয়াছেন বটে,  
 কিন্তু সে সকল গুলিই কে-  
 যুয়া.
- I am *confident* what I tell  
 you is correct.  
 তোমাকে যাহা কহি সে সত্য,  
 ইহাতে আমার বড় বিশ্বাস  
 আছে.
- I am not *conscious* of having  
 said so.  
 আমারতো মনে পড়ে না যে এমন  
 কথা কহিয়াছি.
- He has lost a *considerable*  
 sum of money in busi-  
 ness.  
 বণিজ্য করিতে তাহার অনেক  
 টাকা ক্ষতি হইয়াছে.
- They are *constant* in their  
 attendance at my house.  
 আমার বাটীতে তাহারা সর্বদা  
 আসিয়া থাকে.
- I am *content* with what I  
 have.  
 আমার যাহা আছে তাহাতেই  
 আমি সন্তুষ্ট.
- They are exceedingly *con-  
 tentious*.  
 তাহারা অতিশয় ঝকড়ু.
- There is a *continual* noise  
 in this place.  
 এখানে সর্বদা গোলমাল আছে.
- The vessel has been detain-  
 ed by *contrary* winds.  
 উলা বাতাসের জন্যে সে জাহাজ  
 বিলম্বে আসিয়াছে.

- Will it be *convenient* for you to come to-morrow? তোমার কি কালি আসিতে সুবিধা হইবে ?
- It is *cooler* to-day than it was yesterday. কালিহইতে আজি কিছু গুণিয়ার অল্প লাগিতেছে.
- The state of society there is extremely *corrupt*. সেখানকার লোকেরদের রীতি ও ব্যবহার বড় মন্দ.
- They are excessively *covetous*. তাহারা বড় কুপণ.
- This is a *counterfeit* rupee. এ টাকাটা মেকী.
- That line is *crooked*. এ কসীটা বেঁকা হইয়াছে.
- I conceive you are no-ways *culpable* in this matter. আমার বিবেচনাতে এই হয়, যে ইহাতে তোমার কোন দোষ নাই.
- They are by nature cruel and very *cunning*. তাহারা স্বাভাবিক নির্দয় ও বড় চতুর.
- This is a *curious* shell. এ কড়িকড়টার আশ্চর্য্য ঘটন.
- Do you know the *current* price of this article? এ দ্রব্যের কি ভাও তাহা কি তুমি জান ?
- I saw a *dead* snake lying on the road side. পথের ধারে একটা মরা সাপ পড়িয়া আছে দেখিলাম.
- He is *deaf* and can hear nothing. ও কান মানুষ, কিছু শুনিতে পায় না.
- The goods you have purchased, I think, are *dear*. যে দ্রব্য তুমি কিনিয়াছ, তাহা আমার আক্রা বোধ হয়.
- He is very *dear* to me. তাহাকে আমি বড় ভাল বাসি.
- What is there more *deceitful* than the human heart? মানুষের অন্তঃকরণের সমান কি আর দুট বস্তু আছে ?
- They are not *deficient* in understanding. তাহাদের বুদ্ধি আছে.

- She is *deformed* in person. তাহার অঙ্গের কোন বৈলক্ষণ্য আছে.
- His mind is much *dejected*. তিনি মনে বড় দঃখী হইয়াছেন.
- This is my *deliberate* opinion. আমি অনেক ভাবিয়া এই বিবেচনা স্থির করিয়াছি.
- The situation of this house is *delightful*. এই ঘর বড় সুন্দর স্থানে.
- The fever is so violent, that he is sometimes *delirious*. তাহার এমন জ্বর হইয়াছে, যে কখনও এলুয়া মেলুয়া বকে.
- We are entirely *dependant* on the providence of God. ঈশ্বরের হাতেতেই আমারদিগের পূর্ণ.
- Your situation is every way *desirable*. তোমার যে পদ হইয়াছে তাহা সকলের পার্থনীয়.
- He is very *desirous* of seeing you. তোমাকে দেখিতে তাহার বড় ইচ্ছা.
- People are of *different* opinions on the subject. সেই বিষয়েতে লোকের ঐধ আছে.
- Do you think the English language is *difficult*? ইংরেজি ভাষা কি তোমার কাঁচন বোধ হইয়াছে?
- They are *diligent* scholars. তাহারা শুম করিয়া শিখে.
- Her eyes are become *dim* through age. বয়সের দোষে তাহার দৃষ্টি খাট পড়িয়াছে.
- This is the *direct* road to Calcutta. কলিকাতা যাইতে এই পথ সোজা.
- In the rainy season it is *dirty*. বর্ষা কালেতে অতিশয় কাদা হয়.
- On that account it is very *disagreeable*. এ জন্যে সে পথে যাওয়া বড় কঠিন.
- They are very *dishonest*. তাহারা বড় ফেক্যান.

- Is the place you mention *distant*?  
 যে স্থানের কথা তুমি কহিতেছ  
 সে কি দূর?
- His articulation is peculi-  
 arly clear and *distinct*.  
 বিশেষতঃ তাহার কথার উচ্চারণ  
 পরিষ্কার ও স্পষ্ট হইয়াছে.
- Is this paper *double*?  
 এ কাগজ কি দ্বো পুরু?
- It is *doubtful* whether he  
 will come or not.  
 তিনি আসিবেন কি না ইহার  
 নিশ্চয় নাই.
- This house is exceedingly *dry*.  
 এই ঘরের মাজিয়া বড় শুকনা.
- That note falls *due* to-mor-  
 row.  
 এই হুঞ্জীর নিয়ম কালি পূর্ণ  
 হইবে.
- She is both deaf and *dumb*.  
 সে কানা এবং বোবা.
- Real, and *durable* happiness  
 is not attainable on earth.  
 পুকৃত এবং চিরস্থায়ী যে সুখ, তাহা  
 ইহকালে পাওয়া যায় না.
- He is eager to *undertake* the  
 business.  
 সেই কর্ম্ম করিতে তাহার মনে বড়  
 চেষ্টা হইয়াছে.
- They manufacture various  
 kinds of *earthen* ware.  
 তাহারা নানা পুকার মাটির তাঁড়  
 কোঁড় পুস্তত করে.
- I will set you an *easy* lesson.  
 তোমাকে একটা সোজা পাঠ দেই.
- Give this book to your *elder*  
 brother.  
 তোমার বড় ভাইকে এই পুস্তক  
 দেও.
- Which of you two is the *el-  
 der*?
- তোমাদের দুই জনের মধ্যে কে  
 জ্যেষ্ঠ?
- Her's is an *elegant* house.  
 তাহার ঘর অতি সুন্দর.
- He is an *eloquent* speaker.  
 তিনি এক জন অতিবড় বক্তা.
- This house is *empty*, it has  
 no tenant.  
 এ ঘর খালি আছে, কোন ভাড়াট্যা  
 নাই.
- Mr. Colebrooke was an *emi-  
 nent* scholar.  
 কোলব্রুক সাহেব বড় পণ্ডিত  
 ছিলেন.



- This is an *endless* business. এ কর্ম অকুরাণ হইয়াছে.
- He has now the *entire* concern in his own hands. এখন সে তাবৎ বিষয় নিজে চালাইতেছে.
- Do you think your writing *equal* to mine? তুমি তোমার লেখায় আমার লেখায় কি সমান জ্ঞান কর?
- Let us forsake *erroneous* opinions. আমরা অসৎ বিবেচনা যেন ত্যাগ করি.
- This is a matter of *especial* moment; the rest is by no means *essential*. এ বিষয় ছাড়া যতৎ আছে তাহা হইলেও হয়, না হইলে ও হয়; কিন্তু ইহা না হইলে কখনও হয় না.
- They who fear God will obtain *eternal* happiness. যাহারা ঈশ্বরের আজাকারী, তাহারা অনন্ত সুখ পাইবে.
- Draw two *even* lines. দুই কসি সমান করিয়া টান.
- Those who fear not God, must endure *everlasting* misery. যাহারা ঈশ্বরের আজা না মানে, তাহারদিগকে অনন্ত দুঃখ ভোগ করিতে হইবে.
- They are gone, *every* one of them. তাহারা সকলেই গিয়াছে.
- It is *evident* you are mistaken. দেখিতে পাইতেছি যে তোমারি ভুল.
- Evil* company is ever to be avoided. কুসংগের কাছে ও যাওয়া নয়.
- European* articles are now plentiful. বিলাতী দ্রব্য এখন অনেক পাওয়া যায়.
- Tell me the *exact* sum I am indebted to you. তোমার আমি কত ধারি? তাহা চিক করিয়া বল.
- This is *excellent* fruit. এই ফল বড় উত্তম.

- What you propose I think is *exceptionable* in one particular.
- House rent is very *expensive* in Calcutta.
- This is *extraordinary* news indeed.
- His children are thoughtless and *extravagant*.
- The history is entirely *fabulous*.
- They were *faint* through fatigue and hunger.
- This is a *fair* way of dealing, how can you say that it is unfair?
- It is now *fair*, you can go.
- He is an old and *faithful* servant.
- You may be assured that the report is *false*.
- Are these sheep *fat* or lean?
- He died there, leaving a widow and five *fatherless* children.
- Who is there that is *faultless*?
- তোমার পরামর্শ ভাল বটে, কিন্তু ইহার মধ্যে একটি কথায় সন্দেহ হইতেছে.
- কলিকাতাতে ঘর ভাড়া অনেক লাগে.
- এ আশ্চর্য্য সমাচার বটে.
- তাহার ছালিয়া গুলি নির্বোধ এবং মিথ্যা কড়ী নষ্ট করে.
- সেই ইতিহাস কেবল সুবোধের রচনা মাত্র.
- একে ক্ষুধা তাহে পরিশ্রম, তাহার একেবারে লেটিয়া পড়িয়াছে.
- ব্যবসায় করিবার এই যথার্থ ধারা, তুমি কেমন করিয়া বল যে এ অন্যায়?
- এখন বৃষ্টি ধরিয়াছে, তুমি যাইতে পারিবা.
- সে পুরাতন এবং বিশ্বাসী চাকর.
- তুমি অতি সাহস পূর্বক থাকিও, সে কথা মিথ্যা.
- সে ভেড়া সূলা মোটা কি কাহিল? তিনি তাহার স্ত্রীকে এবং পাঁচটা ছালিয়াকে অনাথ করিয়া সেখানে মরিলেন.
- নির্দোষি ব্যক্তি কি কোথা ও পাওয়া যায়?

- The wind is *favourable* for going up the river. উজানে যাইতে এখন সুবাতাস হইয়াছে.
- I would go there now, but am *fearful* it would be late before I arrive. আমি এক্ষণেই সেখানে যাইতাম, কিন্তু পৌঁছিতে গৌণ হইবে তাহাই ভাবিতেছি.
- He is now too *feeble* to stir from home. এখন তিনি বড় দুর্বল হইয়াছেন, বাটীহইতে বাহির হইতে পারেন না.
- I saw several kinds of birds, a pair of each kind, male and *female*. নানা পুকারের একং জোড়া পাখি দেখিলাম, কিন্তু একটা মরদা একটা মাদী.
- I know not what number of persons were there, many or *few*. অল্প কি অনেক সেখানে কত লোক ছিল, তাহা আমি জানি না.
- The country every where is *fertile*. সে দেশের সকল ভূমি উর্বরা.
- This is merely a *figurative* mode of speaking. এটা কেবল কথার কথায় একটা দৃষ্টান্ত দেওয়া গেল.
- The *final* dividend on such an one's estate, will be paid to-morrow. অমূকের সম্ভতির উপর যে দেনা আছে, তাহার শেষ কিস্তি কলা দেওয়া যাইবে.
- These are *fine* raisins. এ কিস্ মিস্ অতি সুন্দর.
- How should man, being *finite*, comprehend God who is infinite? মানুষ অনিত্য হইয়া কেমনে আদ্যন্ত শূন্য ইশ্বরের তত্ত্ব জানিতে পারিবে?
- In this I have a *firm* belief. ইহাতে আমার দৃঢ় পুত্যয়.
- What is the *first* thing to be done in this business? এ বিষয়ের পুথমে কি করিতে হইবে?

He is not at all <i>fit</i> for this work.	সে এ কর্মে কিছু উপযুক্ত নহে.
I am not so <i>fluent</i> in speech as he.	তাহার যেমন বক্তৃতা শক্তি আছে, আমার তেমন নাই.
I am not <i>fond</i> of that fruit.	ঐ ফল আমি ভাল বাসি না.
What is the shape of the earth, round, <i>flat</i> , square, or oval?	পৃথিবীর আকার কেমন, গোল, কি চিতরা, কি চৌকোণা, কি বাদাম্যা পুকার?
To be angry without cause is <i>foolish</i> .	অকারণেতে ক্রুদ্ধ হওয়া অজ্ঞানির কর্ম.
He is gone to a <i>foreign</i> country.	তিনি এখন দ্বীপান্তরে গিয়াছেন.
She is the <i>foremost</i> in learning.	সে সকলহইতে অধিক শিখিয়াছে.
Which part of his letter do you think the best, the <i>former</i> or the latter?	তাহার পত্রের কোন ভাগ তোমাকে ভাল লাগে, পুথম কি শেষ?
The objections you make to my plan, are indeed <i>formidable</i> .	আমার পরামর্শের বিরুদ্ধে যে সকল কারণ দেখাইতেছ, সে দৃঢ় বটে.
You are <i>free</i> to do as you please.	তোমাকে কেহ আটকায় না, যাহা তোমার ইচ্ছা.
These vegetables are <i>fresh</i> from the garden.	এখনি বাগানহইতে আসিয়াছে, এ টাটকা শাক.
I have <i>frequent</i> opportunities of seeing him.	ইচ্ছা হইলেই পুায় তাহার সঙ্গে দেখা করিতে পারি.
He behaves towards us in a <i>friendly</i> manner.	আমারদের সঙ্গে তিনি আত্মীয়তা ব্যবহার করেন.

- I am now entirely *friendless*. এখন আমার বন্ধু বাস্তব নাই।
- How does he manage his household affairs? is he *frugal* or *extravagant*? তিনি কেমনে গৃহস্থালি করিতেছেন? আর ব্যয় স্থিত বুদ্ধিয়া কৰ্ম করেন, কি উড়ুয়া?
- Is this cask empty or *full*? পিপাটা খালী আছে কি ভরা?
- Whether we agree to this or not, will be a *future* consideration. ইহাতে আমরা স্বীকৃত হইব কি না, সে বিবেচনা পরে করিব.
- There was a *general* sorrow at his death. তাহার মরণেতে সকলেই হাহা-কার করিয়াছেন.
- He is *gentle* in disposition, and exceedingly *generous*. তিনি নিজে নম্র, যথেষ্ট দান শক্তি ও আছে.
- Are you *glad* or *sorry* on this account? ইহাতে তোমার দুঃখ হয় কি আহ্লাদ হয়?
- Our attainment of knowledge is *gradual*. ক্রমে ২ আমরা বিদ্যা সঞ্চয় করিতেছি.
- Whose *grand* house is that? এ যে উত্তম বড় বাটীখান কাহার?
- I am *grateful* for your kindness. তুমি যে অনুগ্রহ করিয়াছ তাহা আমার মনেই জাগিতেছে.
- You have done me a very *great* favour. ইহায় আমার যথেষ্ট উপকার করিয়াছ.
- This is a *grievous* calamity. এ বড় ঘোর বিপদ.
- He is now old and *grey* headed. এখন তিনি বুড়া এবং তাবৎ চুল পাকিয়াছে.
- In his appearance he is *handsome*. সে দেখিতে বড় সুন্দর.
- No one in this world can be *perfectly* happy. ইহকালে কেহ সর্ব মতে সুখী হইতে পারে না.

- Is the lesson you have given me *hard* or easy? তুমি আমাকে যে পাঠ দিলা, সে কঠিন কি সোজা?
- These animals are *harmless*. এ জন্তু গুলান কাহারও হিংসা করে না.
- To act hastily, that is, in a *hasty* manner, is not wise. বিবেচনা না করিয়া হঠাৎ কৰ্ম করা ভাল নহে.
- This box is very *heavy*, how can I carry it? এ সিন্দকটা বড় ভারি, আমি কেমন করিয়া লইয়া যাইব?
- He is now as old and *helpless* as a child. তিনি বৃদ্ধ হইয়া কেবল কচি খোকার মত হইয়াছেন.
- Bring some *hot* water. কিছু তপ্ত জল আনিয়া দেহ.
- God is *holy*, just, and pure. ঈশ্বর ধর্ম্মময়, ও যাথার্থিক, এবং নির্ম্মল.
- The duration of *human* life is uncertain. মনুষ্যের বাঁচিয়া থাকায় নিশ্চয় নাই.
- He is a man of very *humane* disposition, and humble in his own esteem. তাঁহার বড় দয়ালু স্বভাব, এবং আপনাকে আপনাই ছোট জ্ঞান করেন.
- I am both *hungry* and thirsty. আমার ক্ষুধা তৃষ্ণা দুই হইয়াছে.
- They are excessively care- less, *ignorant*, and idle. তাঁহারা অত্যন্ত নিশ্চিন্ত, ও অজ্ঞান, ও আলস্যা.
- Such a sentiment would be deemed *illiberal*. এমন বিবেচনায় ভাল মানষে হাত দেয় না.
- It is not good always to as- sociate with *illiterate* per- sons. যাহার বিদ্যা নাই এমনত লোকের সঙ্গে সর্ব্বদা থাকা ভাল নহে.
- You may keep the book which I lent you a few তোমাকে যে পুস্তক পড়িতে দিয়াছি তাহা কতক দিন

- days longer, I am not in *immediate* want of it. তোমার কাছে থাকুক, এই রূপে তাহাতে আমার পুয়োজন নাই.
- The undertaking is likely to be attended with *immense* expense. বোধ হয়, যে সে কর্ম করিতে বিস্তর ব্যয় হইবে.
- He was in *imminent* danger of his life. তাহাতে তাহার পুণ সংশয় হইয়াছিল.
- The body is mortal, the soul *immortal*. শরীর ক্লণধ্বংসি, আত্মা অমর.
- They are *immoveable* in their opinions. তাহারদের আপন কথাই পাঁচ কাহন.
- An upright judge will be *impartial*. যথার্থ বিচারকর্তার পক্ষপাত নাই.
- These mountains are *impassable*, being surrounded on all sides with *impenetrable* forests. এই সকল পর্বত গুলিন অগম্য, কেননা তাহার চারিদিকে নিবিড় বন আছে.
- Every thing relating to man is *imperfect*. মনুষ্যের সম্বন্ধে যেং বিষয় আছে তাবতই সদোষ.
- His behaviour is *impertinent*. সে বড় অশিষ্ট.
- It is very *important* that we attend to this. ইহা আমারদের মনে রাখার বড় আবশ্যিকতা.
- It is *impossible* for me to comply with what you say. তুমি যে কথা বলিতেছ তাহা আমি কোন মতে করিতে পারিব না.
- With God nothing is *impossible*. ঈশ্বরের অসাধ্য কিছু নাই.
- What he tells me appears very *improbable*. সেযে কথা আমাকে বলিতেছে, সে আমার বড় অসম্ভব বোধ হয়.

To act thus would be highly <i>improper</i> , and therefore <i>imprudent</i> .	এমত আচরণ করা বড় অনুচিত; সুতরাং যে বিবেচনা করে, সে তাহা করে না।
Nothing that is <i>impure</i> will enter heaven.	কোন অশুদ্ধ বস্তু স্বর্গে যাইতে পারিবে না।
I am <i>incapable</i> of managing this business.	আমাহইতে এ কর্ম চলিবে না।
We have lately had <i>incessant</i> rain.	এখন বড় বাদলা হইয়াছে।
The account is from January to August <i>inclusive</i> .	এই হিসাব জানুয়ারি অবধি আগস্তু পর্য্যন্ত।
This is <i>incomparable</i> writing.	এ বড় আশ্চর্য্য লেখা।
Your book is <i>incomplete</i> .	তোমার পুস্তকে কতকং কথা লিখিতে বাকি আছে।
It will be <i>inconvenient</i> for me to wait upon you to-morrow.	কালি তোমার নিকটে আমার যাওয়া ভার হইল।
Is what I say correct or <i>incorrect</i> ?	আমি যে কথা কহিয়াছি সে এমত বটে কি না?
This is quite <i>incredible</i> .	এ কথাতে কখন বিশ্বাস জন্মে না।
They speak <i>indecent</i> language.	তাহারা অপভাষা গুলা বলিয়া থাকে।
He is now quite <i>independent</i> .	এখন তিনি স্বাধীন হইয়াছেন।
Is this an <i>indigenous</i> plant?	সে চারাটা কি এই দেশীয়?
My writing is <i>inferior</i> to yours.	তোমার লেখার মত আমার লেখা ভাল নহে।
The power and wisdom of God are <i>infinite</i> .	ঈশ্বরের শক্তি ও বুদ্ধির সীমা নাই।



- She is very *ingenious*. তিনি বড় গুণবতী, নানা পুকার শিল্প কৰ্ম জানেন.
- Their disposition is *inhuman*. তাহাদের বড় দুরন্ত স্বভাব.
- We ought not to do that which is *injurious* to our neighbour. যাহাতে পরের ক্ষতি হয়, এমন কৰ্ম করা অকর্তব্য.
- These animals are *inoffensive*. এ পশু গুলা কাহারও হিংসা করে না.
- Without locks to the doors your goods will be *insecure*. ঘারে কুলুপ না দিলে তোমার দ্রব্য ক্ষতি হইবে.
- He is so ill that he is *insensible*. তাহার এমন ব্যামোহ হইয়াছে, যে তিনি বিহ্বল হইয়া পড়িয়া আছেন.
- How *insignificant* is man, compared to the Almighty. ঈশ্বরের সহিত মানুষের তুলনা করিতে হইলে মানুষকে তুচ্ছ বস্তু বোধ হয়.
- His words are *insincere*. সে বাঁকা কথা বই সোজা কহে না.
- They behaved in an *insolent* manner. তাহারা বড় চেঁটামি করিয়াছে.
- He has lately become *insolvent*. ইহার মধ্যে উনি দেউলিয়া পড়িয়াছেন.
- Ten rupees will be *insufficient*, you must give me fifteen. দশ টাকার অকুলান হইবে, পনেরো টাকা দেও.
- He is an *intelligent* man. তিনি বড় সুবোধ.
- The hurt he has received appears to be *internal*. বোধ হয় যে তাহাকে গুপাষা লাগিয়াছে.

The Nabob imagined his soldiers were <i>invincible</i> .	সে নবাব মনে করিয়াছিলেন, যে আমার সৈন্য সকলকে কেহ পরাজয় করিতে পারিবে না.
God is <i>invisible</i> .	ঈশ্বর যিনি তিনি অদৃশ্য.
This employment is <i>irksome</i> .	এ কর্ম্য করিতে কিছু সুখ নাই.
These lines are <i>irregular</i> .	এ কবী গুলা বাঁকা হইয়াছে.
He is the senior, and I the <i>junior</i> .	তিনি বড়, আমি ছোট.
God is <i>just</i> and merciful.	ঈশ্বর যাথার্থিক ও দয়ালু.
God is <i>kind</i> to all his creatures.	পরমেশ্বর আপন তাবৎ সৃষ্টির উপর আনুকূল্য করেন.
Yours is a <i>laborious</i> work.	তোমার কর্ম্মেতে বড় শ্রম করিতে হয়.
Being <i>lame</i> he walks with a stick.	ঐ লোক খোঁড়া, এই জন্যে লাটা ধরিয়া চলে.
I caught a <i>large</i> fish yesterday.	কালি আমি একটা বড় মাছ ধরিয়াছিলাম.
I saw him <i>last</i> Tuesday.	গত মঙ্গলবারে আমি তাঁহাকে দেখিয়াছিলাম.
Which of us read <i>last</i> ?	আমাদের শেষে কে পড়িয়াছিল?
I arrived there <i>last</i> .	সকলের শেষে আমি সেখানে পৌঁছিলাম.
Is it <i>lawful</i> (or legal) to do this?	এ কর্ম্ম করিতে কি নিষেধ নাই?
They are too <i>lazy</i> , to work.	তাহারা এমন আলস্যা, যে কিছু কর্ম্ম করে না.

He is a very <i>learned</i> man.	তিনি বড় পণ্ডিত.
You have given me the <i>least</i> share.	সকলহইতে ছোট ভাগ আমাকে দিয়াছ.
Being lame of his right hand, he writes with the <i>left</i> .	তিনি নেত্রড়া, ডাইন হাত দিয়া না লিখিয়া বাঁ হাতে লিখেন.
This writing is not <i>legible</i> .	এ লেখা পড়িতে পারা যায় না.
Why should you give me <i>less</i> than you give him?	তাহাহইতে আমাকে কম দেহ কেন?
My wages are <i>less</i> than his.	তাহার মাহিনাহইতে আমার মাহিনা কম.
The ground is quite <i>level</i> .	সে স্থানের ভূমি এক সমান.
Do not associate with <i>lewd</i> persons.	লোক্কার সঙ্গে বেড়াইও না.
Doing this you are <i>liable</i> to a penalty.	ইহা করিলে দণ্ড দিতে হইবে.
He is exceedingly <i>liberal</i> .	তিনি বড় দাতা.
He fell to the ground <i>lifeless</i> .	সে মরিয়া অমনি মাটিতে পড়িল.
Is this package <i>light</i> or heavy?	সে বোঝাটা ভারি কি হালকা?
This is a <i>light</i> room.	ঐ ঘরে ভাল আলো আছে.
My house is very much <i>like</i> yours.	তোমার ঘরের মত আমার ঘর খান.
The translation is too <i>literal</i> .	সে তর্জমা ভাল হয় না, কেবল কথার তর্জমা হইয়াছে.
Give me a <i>little</i> , I don't ask for a great deal.	আমিতো অনেক চাহি নাই, অল্প করিয়া দেহ.
He is a <i>little</i> boy.	সে ছোট বালক.
He is of a <i>lively</i> disposition.	সে বড় আলাপ কুশল.

These rooms are very <i>lofty</i> .	এ ঘর গুলা বড় উচ্চ.
How <i>long</i> is this piece of cloth?	এ কাপড় খান কয় হাত লম্বা?
How <i>long</i> do you mean to remain there?	তুমি কত দিন সেখানে থাকিবা?
The joints of this chair are very <i>loose</i> .	এ চৌকী খানার যোড় গুলান আলগা হইয়াছে.
This is a very <i>low</i> room.	এ ঘর বড় নীচ.
The price he asks is very <i>low</i> .	যে মূল্য বলিয়াছে সে অতি অল্প.
Theirs is a <i>lucrative</i> employment.	তাহারদের কর্মে লভ্য আছে.
He is now grown very <i>lusty</i> .	এখন তিনি বড় মোটা হইয়াছেন.
He was bit by a <i>mad</i> dog.	একটা হরিণা কুকুরে তাহাকে কামড়িয়াছে.
These are <i>magnificent</i> apartments.	এ ঘর গুলা রাজার বাড়ীর মত সাজাইয়াছে.
It is not <i>material</i> whether you go or not.	সেখানে গেলেও হয়, না গেলেও হয়.
Alas! this is a <i>melancholy</i> event.	হায়! এ বড় দুঃখের বিষয়.
He has suffered much <i>mental</i> distress.	তিনি বড় মনোদুঃখ পাইয়াছেন.
We ought ever to be <i>merciful</i> .	সর্বদা দয়া করা উচিত.
Let us walk in the <i>middle</i> path.	আমরা মাঝের পথে যাইব.
This paper is <i>middling</i> .	এ কাগজ গুলা মধ্যম রাশি.
She is <i>mild</i> in temper.	তাহার মৃদু স্বভাব.

- God attends to the most *minute* circumstance. অতি ক্ষুদ্র বিষয়েতেও ঈশ্বরের মনোযোগ আছে.
- They are very *mischievous* children. তাহারা অতি দরন্ত বালক.
- Wicked men are always *miserable*. মন্দেদের ভাল কখন হয় না.
- We ought to be *moderate* in our desires. আশা খাট করাই ভাল.
- He is of a *modest* disposition. তাহার মৃদু স্বভাব হয়.
- Has this book a *moral* or *immoral* tendency? এ কোন ভাবের পুস্তক, পড়িলে মনের চাঞ্চল্য জন্মে কি না?
- A mountain is *motionless*, *i. e.* without motion. পর্বত স্থাবর বস্তু, অর্থাৎ লড়ে না.
- This is a *mournful* history. এই ইতিহাসে বড় দুঃখের কথা আছে.
- Why do you bathe in *muddy* water? তুমি কাদাঢাটা জলে স্নান কর কেন?
- I spoke several times, but still they continued *mute*. আমি অনেক বলিলাম, তবু তাহারা চুপ করিয়া থাকিল.
- This will be for our *mutual* benefit. ইহাতে আমাদের দুই জনের ভাল হইবে.
- In Bengal, little children are accustomed to go *naked*. বাঙ্গালা দেশের ছোট ২ বালকেরা উলঙ্গ হইয়া বেড়ায়.
- Bengal is my *native* country. বাঙ্গালা আমার জন্মস্থান.
- He has collected a great many *natural* curiosities. তিনি নানা দেশের আশ্চর্য্যসামগ্ৰী সংগ্ৰহ করিয়াছেন.
- It was *natural* for me to think thus. আমি যাহা বিবেচনা করিয়াছি তাহা অসম্ভব নয়.

- She is a *naughty* little girl. সে ছোট মেয়্যাট, অতি অবাধ্য.
- This is *neat* writing. এ লেখা ভাল.
- It is not *necessary* that you go there. তোমার সেখানে যাওয়াতে আবশ্যিক নাই.
- It is absolutely *needful* that I should go. আমাকে অবশ্যই যাইতে হইবে.
- They are idle and *negligent*. তাহারা আলস্যা ও নিশ্চিত হইয়া থাকে.
- Have you seen my *new* book? আমার নূতন পুস্তক কি তুমি দেখিয়াছ?
- We will go there *next* month. আগামি মাসে আমরা সেখানে যাইব.
- These are very *nice* mangoes. এ আম্র অতি সুন্দর.
- You do not care whether I get any or *none*. আমি পাই আর না পাই, তাহাতে কিছু তোমার ভাবনা নাই.
- My fingers are *numb* with cold. শীতেতে আমার আঙ্গুল অবশ হইয়াছে.
- There are *numerous* errors in your writing. তোমার লেখার মধ্যে অনেক ভুল আছে.
- Good children are *obedient* to their parents, and *obliging* to every one. যে ভাল ছালিয়া হয় সে মাতাপিতার কথা মানে, আর সকলের সঙ্গে শিষ্ট ব্যবহার করে.
- The meaning of these words is *obscure*. এ কথা গুলার সুস্পষ্ট অর্থ হয় নাই.
- This term has become *obsolete*. এ কথার এখন চলন নাই.
- They are *obstinate* in their opinions. তাহারা এক গুঁইয়া লোক.

This is a very <i>odd</i> kind of expression.	এ বড় অদ্ভুত কথা.
Sin only is <i>offensive</i> to God.	পরমেশ্বর কেবল পাপকেই ঘৃণা করেন.
God is <i>omnipotent, omnipresent, and omniscient</i> .	ঈশ্বর সর্বশক্তিমান্, সর্বব্যাপী, ও সর্বজ্ঞ.
His house is <i>opposite</i> to mine.	তাহার ঘরের সম্মুখে আমার ঘর.
He was well versed in <i>Oriental</i> literature.	তিনি বাঙ্গালা বিদ্যাতে বড় নিপুণ.
This is not the <i>original</i> writing.	এই লেখা নকল, আসল নহে.
The cut in my finger is very <i>painful</i> .	আমার আঙ্গুলের কাটা ঠাইতে বড় বেদনা হইয়াছে.
He became <i>pale</i> through fear.	ভয়েতে তাহার মুখ শুঁখাইয়া গেল.
We ought not to be <i>partial</i> in our judgment.	গণতা করিয়া বিচার করা অনুচিত.
I wish to speak with you on a <i>particular</i> business.	তোমার সঙ্গে আমার কোন বিশেষ কথা আছে.
He is very <i>passionate</i> .	তিনি বড় রাগী.
They are <i>patient</i> under sufferings, and <i>peaceable</i> in disposition.	তাহারা নির্বিরোধি লোক, দুঃখ পাইলে ও উচ্চাবাচা করে না.
He will suffer only <i>pecuniary</i> loss.	কেবল তাহার টাকা ক্ষতি হইবে.
His turn of mind is <i>pensive</i> .	তাহার এমনি স্বভাব, যে সর্বদাই ভাবিত থাকে.
These children are <i>peevish</i> and <i>perverse</i> .	এ বালক গলা ফুঁৎফুঁতা এবং কুম্ভল্যা.

This blemish is not <i>perceptible</i> .	যে খুঁত আছে তাহা চক্রে চেকে না.
Your work is now <i>perfect</i> .	এখন তোমার সে কর্ম সন্মূর্ণ হইল.
The publication you mention is <i>periodical</i> .	তুমি যে পুস্তকের কথা কহিতেছ, সে নিয়মিত কালেই ছাপা হইতেছে.
Is this regulation to be <i>permanent</i> ?	এ আইন কি বরাবরি থাকিবে ?
The tide has a <i>perpetual</i> flux and reflux.	অনবরতই জোয়ার ভাটা হয়.
His answers are <i>pertinent</i> .	তাহার উত্তর সকল অকাটা.
Where is the account of <i>petty</i> expenses ?	অল্প ব্যয়ের হিসাব বহী কোথা ?
She is a <i>pious</i> woman.	তিনি বড় ধর্ম্মিষ্ঠা.
This writing is <i>plain</i> and easy to be read.	এ লেখা বড় সুলভ, অনায়াসে পড়িতে পারা যায়.
His company is <i>pleasant</i> .	তাহার সহিত কথোপকথনে অন্তঃ- করণের আহ্লাদ জন্মে.
This kind of fruit is <i>plentiful</i> .	এখন এ পুকার ফল ঢের হয়.
He is now become <i>poor</i> .	এখন সে দুঃখী হইয়াছে.
Calcutta is a <i>populous</i> city.	এখন কলিকাতায় অনেক লোকের বসতি হইয়াছে.
The Captain has received <i>positive</i> orders to sail to-morrow.	কাপ্তান সাহেব কালি জাহাজ খুলিতে আজ্ঞা পাইয়াছেন.
It is not <i>possible</i> for me to do this,	ইহা আমি কখন করিতে পারিব না.



- His arguments are very *powerful*. তিনি বড় ভারি কারণ দেখাই-  
তেছেন.
- What you purpose I think is not *practicable*. তুমি যাহা কহিতেছ তাহা কখন  
হইতে পারিবে না.
- Her health is very *precarious*. তিনি পুায় মধ্যে পীড়িত হন.
- Such habits are *prejudicial* to health. এই মত ব্যবহারেতে শরীরে  
ব্যামোহ হয়.
- Which of these two is *preferable*? এই দুয়ের মধ্যে কোনটা ভাল?
- These are very *pretty* flowers. এই ফুল গুলো বড় সুন্দর.
- This disorder is at present very *prevalent*. এখন এই রোগটা অতিশয় ব্যা-  
পক হইয়াছে.
- Your departure was *previous* to my arrival. আমি না পঁছছিতেই তুমি  
গিয়াছিল।
- Who is the *principal* manager of the business? এ কর্মের গদিয়ান কেটা?
- They held a *private* conversation on this subject. তাহারদের মপস্থলে এই বিষয়ের  
কথোপকথন হইয়াছিল.
- That is not at all *probable*. তাহা কখন সম্ভব হয় না.
- They use only *profane* language. তাহারা কেবল পাষণ্ডের মত  
কথা কহে.
- Man is *prone* to err. মানুষের সহজেই ভুল হয়.
- Do you conceive this to be *proper* or improper? তোমার বিবেচনায় কি হয়, যে  
এমত করা কর্তব্য কি না?
- His affairs are now very *prosperous*. এখন তাহার শ্রী হইয়াছে.

They who are <i>proud</i> have little understanding.	যে নিৰ্বুদ্ধি হয় সেই অহঙ্কার করে.
She is a wise and <i>prudent</i> woman.	তিনি বড় সুবিশেষিকা.
God only is <i>pure</i> , that is, free from sin.	কেবল ঈশ্বর নিৰ্মাল, অর্থাৎ নিষ্পাপী.
They are of a <i>quarrelsome</i> disposition.	তাহারা বড় ঝক্‌ড়ু.
She (that vessel) has made a <i>quick</i> passage.	সে জাহাজ অতি শীঘ্র আসিয়াছে.
The stream is very <i>rapid</i> in the rainy season.	বর্ষাকালে বড় স্রোত হয়.
This is a very <i>rare</i> plant.	এমন চারা পুায় এ দেশেতে পাওয়া যায় না.
He is very <i>rash</i> in his conduct.	সে কিছু বিবেচনা না করিয়া কর্ম্ম করে.
They speak in a <i>rational</i> manner.	তাহারা যে কথা কহে, সে অখণ্ডিত.
It is not good to eat rice <i>raw</i> .	শুকনা চাউল খাওয়া ভাল নয়.
This is all <i>real</i> , not show merely.	এ কেবল সত্য নহে, এ সকল পুরুত.
What you say is <i>reasonable</i> .	তুমি যে কথা কহিতেছ সে যথার্থ.
Is this intelligence <i>recent</i> ?	এ সমাচারটা কি নূতন?
This is according to the <i>regular</i> mode of business.	বাণিজ্যের হারাই এই.
His behaviour is always <i>respectful</i> .	সে সর্বদা সমাদর পূর্বক কর্ম্ম করে.

- I have passed a *restless* night. কালি সারা রাত্রি আমি ছটফট করিয়াছি.
- They are *resolute* in their purposes. যাহা মনস্থ করে, তাহা স্থির থাকে.
- This article is now *scarce*. এই দ্রব্য এখন মেলা ভার.
- They keep all things *secret*. তাহারা সকল কথাই গোপন করিয়া রাখে.
- You may remain here *secure*. এখানে তুমি সাহসপূর্বক থাক.
- He is a *sensible* man. তিনি বড় বুদ্ধিমান.
- They delight only in *sensual* pleasure. তাহারা সর্বদা শারীরিক সুখে রত.
- The sky is now beautifully *serene* and clear. এখন আকাশ সুন্দর নির্মল হইয়াছে.
- I hope the advice I gave you will prove *serviceable*. তোমাকে যে পরামর্শ দিয়াছি তাহাতে উপকার হয়, এই আমার ইচ্ছা.
- Do I spell this word *right* or not? এ কথার পুকৃত রূপ বানান হইয়াছে কি না?
- Bring some *ripe* fruit. পাকা ফল কিছু আমাকে আনিয়া দেহ.
- They are very *rude* boys. এ বালক গুলা বড় অশিষ্ট.
- Those knives are *rusty*. এ ছুরী গুলায় মরিচা পড়িয়াছে.
- This is indeed a *sad* misfortune. এ বড় বিড়্ড়াট.
- I have heard of his *safe* arrival in London. আমি শুনিয়াছি, যে নিব্বির্হে লণ্ডন নগরে পঁছিয়াছেন.
- These articles are not *saleable*. এ দ্রব্য গুলী বেচিতে পারা যাইবে না.

Yours and mine are both the <i>same</i> .	তোমার যে ধারা, আমার সেই ধারা.
They live in <i>separate</i> houses.	তাহারা স্বতন্ত্র ২ বাটাতে থাকে.
Are you <i>serious</i> in what you say ?	যে কথা তুমি বলিতেছ, সে আন্তরিক, না মৌখিক ?
He has received <i>severe</i> punishment.	সে বড় শাস্তি পাইয়াছে.
This is a <i>shameful</i> business.	এ বড় লজ্জার কর্ম.
Is your knife <i>sharp</i> ?	তোমার ছুরী খানার কি ধার আছে ?
He has been <i>sick</i> (or ill) a long time.	তিনি অমেরু দিন অবধি পীড়িত হইয়াছেন.
They all remained <i>silent</i> .	তাহারা সকলেই চুপ করিয়া রহিল.
The enemy have sustained a <i>signal</i> defeat.	শত্রু সকলের বড় পরাজয় হইয়াছে.
My case is <i>similar</i> to yours.	তোমার যেমন দশা, আমার ও তেমনি হইয়াছে.
What can be more <i>silly</i> than to think thus ?	ইহার অধিক আর অববেচনা কি ?
His love towards us is <i>sincere</i> .	আমাদেরদিকে তিনি আন্তরিক ভাল বাসেন.
Their religious opinions are very <i>singular</i> .	ধর্মের বিষয়ে তাহারা যেমত বলে, তেমত আর কেহ বলে না.
He is a <i>skilful</i> physician.	তিনি বড় পুখান কবিরাজ.
I am very <i>sleepy</i> .	আমার বড় নিদ্রা আনিতেছে.
These mangoes are very <i>small</i> .	এ আম গুলা অতি ছোট.

This is <i>smooth</i> paper.	এই কাগজ গুলা ঘোঁটা.
He is scarcely ever <i>sober</i> .	সে পুায় সর্বদা মত্ত হইয়া থাকে.
These are all made of <i>solid</i> gold.	এই যত সোণার দুব্য সকলি নিরেট.
This pen is very <i>soft</i> .	এ কলমটা বড় নরম.
He appears very <i>sorrowful</i> .	তাহাকে দুঃখির মত বোধ হয়.
I am <i>sorry</i> for my offence.	সেই অপরাধ করিয়া আমি এখন পন্থাইতেছি.
This wood is entirely <i>sound</i> .	এই তক্তাতে একটুকু ও অসার নাই.
That fruit is <i>sour</i> , don't eat it.	ঐ ফল গুলান অম্ল, খাইও না.
He gives us <i>spiritual</i> advice.	তিনি পারত্রিকের পরামর্শ দেন.
He still continues <i>steady</i> to his purpose.	তিনি যেমন মনে করিয়াছিলেন, তাহার অন্যথা হয় নাই.
The banks of the river are very <i>steep</i> thereabout.	নদীর সেই স্থানটা বড় গড়ান্য হইয়াছে.
This paper is very <i>stiff</i> .	সে কাগজ গুলা বড় পুরু.
Cannot you be <i>still</i> for one moment.	তুমি কি এক মুহূর্ত্ত ও স্থির থাকিতে পার না?
The weather is <i>still</i> very stormy.	আজি পর্য্যন্ত ও ঝড় বাতাস হইতেছে.
They are <i>strong</i> and healthy.	তাহারা বড় বলবান্ ও নীরোগী.
Your advice appears <i>suitable</i> .	বোধ হয় তোমার পরামর্শ বড় উপযুক্ত.
God is the <i>supreme</i> ruler of the universe.	তাবত্তের উপরিস্থ এবং ত্রিভুবনের পুধান র্ত্তা পরমেশ্বর.
We have not been <i>successful</i> in this undertaking.	আমরা এ কর্ম্ম ভাল রূপে করিতে পারি নাই.

I am not <i>sure</i> that it is so.	এ রূপ বটে কি না, তাহা আমি ঠিক বলিতে পারি না
The sugar-cane is very <i>sweet</i> .	ইক্ষু গাছটা বড় মিষ্ট.
Do you wish for thick paper, or <i>thin</i> ?	তুমি মোটা কাগজ চাহ, কি সরু চাহ?
He is very <i>timid</i> .	তিনি বড় ভীত.
This is <i>tolerable</i> writing.	এই লেখা শুলান কিছু ভাল বটে.
Their conduct has been most <i>treacherous</i> .	তাহারা বড় বিশ্বাসঘাতকির মত কর্ম করিয়াছে.
This is but a <i>trivial</i> (or <i>trif-</i> <i>ling</i> ) matter.	সেতো কেবল তুচ্ছ বিষয়.
These things are <i>valuable</i> .	এই বহুমূল্য দ্রব্য.
There are <i>various</i> opinions on the subject.	ইহাতে অনেকে অনেক কথা বলে.
This is indeed a <i>vexatious</i> circumstance.	ইহাতে অনেক লটখাটি আছে.
We have need to be <i>vigilant</i> in shunning what is evil.	পাপেতে যেন আমরা না পড়ি, ইহাতে সতর্ক থাকা কর্তব্য.
His temper is very <i>violent</i> .	সে বড় রাগী.
This is an <i>ugly</i> shaped letter.	এই অক্ষরের গঠন বড় কদর্যা.
I am so ill, I am <i>unable</i> to stir out.	আমার এমনত ব্যাগমোহ হইয়াছে, যে বাহিরে যাইতে পারি না.
Let us maintain always <i>vir-</i> <i>tuous</i> conduct.	আমরা যেন সর্বদা ভাল আচরণে থাকি.
They were <i>unanimous</i> in their opinion.	তাহারা সকলেই একই বিবেচনা করিল.
It is <i>uncertain</i> whether I shall go or not.	আমি যাইব কি না, তাহা স্থির নাই.

To act thus would be highly <i>unbecoming</i> .	এই মত করাতে কোন রূপেই ভাল দেখায় না.
God only is <i>unchangeable</i> .	কেবল ঈশ্বরই এক মত থাকেন.
I am very <i>uneasy</i> in not hearing from you.	তোমার কোন সমাচার না পাইয়া বড়ই ভাবিত আছি.
This letter was <i>unexpected</i> .	আমার মনে ছিল না, যে এত শীঘ্র পত্র পাইব.
He is wholly <i>unfit</i> for the task assigned him.	যে কর্ম দেওয়া গিয়াছে, সে তাহার কোন মতে উপযুক্ত নহে.
The house is <i>unfurnished</i> .	কোন দ্রব্যাদি নাই, কেবল খালি ঘর আছে.
She is quite <i>unhappy</i> on this account.	ইহাতে সে বড় মনোদুঃখিনী হইয়াছে.
Through the mercy of God we escaped <i>unhurt</i> .	ঈশ্বরের কৃপাতে আমরা কোন আঘাত পাই নাই.
Do you conceive this to be <i>unjust</i> ?	ইহাতে তোমার কি অন্যায় বোধ হইয়াছে?
We ought not to be <i>unkind</i> to each other.	পরস্পর ঘেষাঘেষ করা আমাদের কর্তব্য নহে.
To do so is <i>unlawful</i> .	এই রূপ কর্ম করিতে কোন বিধি নাই.
They are very <i>unlearned</i> .	তাহারদের বিদ্যা নাই.
Why are you so <i>unmerciful</i> ?	তোমার এমন কঠিন হৃদয় হইয়াছে কেন?
Their demands are <i>unreasonable</i> .	তাহারা আসিয়া অন্যায় বলে.
The ways of God are <i>unsearchable</i> .	ঈশ্বরের কর্মের অন্ত পাওয়া যায় না.

We passed by <i>unseen</i> .	তাহারদের লুকিয়া আমরা গেলাম।
Our joy is <i>unspeakable</i> .	আমাদের আনন্দের সীমা পরিসীমা নাই।
His mind is very <i>unsteady</i> .	তাহার মন বড় চঞ্চল।
That fruit is <i>unwholesome</i> .	ও ফল খাওয়া ভাল নহে।
I am altogether <i>unwilling</i> to go there.	সেখানে যাইতে আমার কোন রূপেই ইচ্ছা হয় না।
It were <i>unwise</i> not to agree to this.	বুদ্ধিমানেরা ইহাতে অসম্মত হন না।
He has proved himself <i>unworthy</i> of your protection.	সে তোমার সহায়তা করিবার যোগ্য নহে, ইহার পুমান আপনি দিয়াছে।
Are there any <i>upper</i> rooms in this house ?	এই ঘরের উপরে কি কুটুরী আছে ?
They are <i>upright</i> in their dealings.	তাহারা বড় খারা লোক।
This business is <i>urgent</i> .	এ বড় আবশ্যিক কর্ম।
You will find this very <i>useful</i> .	ইহাতে তোমার বড় উপকার হইবে।
The tools you sent me are quite <i>useless</i> .	যে সকল পুকার অস্ত্র আমার জন্যে পাঠাইয়াছিল, তাহাতে আমার কোন কায় নাই।
I am an <i>utter</i> stranger to the whole affair.	ইহার যৎকিঞ্চিৎ ও আমি জ্ঞাত ছিলাম না।
The weather is now <i>warm</i> .	এখন গীষ্ম কাল হইয়াছে।
You are <i>welcome</i> to what I have of that kind.	আমার কাছে এই পুকার যত আছে, তাহা লও।
This paper is <i>wet</i> .	এ কাগজ গুলান ভিজিয়া গিয়াছে



- I want some cloth *wider* than this. আমি ইহাইতে ওসার কাপড় চাহি.
- They only are *wise* who know and fear God. যাহারা ঈশ্বরকে জানে ও ভয় করে তাহারাই জানী.
- What you tell me is no ways *wonderful*. যে কথা আমাকে বলিতেছ, সে কিছু আশ্চর্য্য নহে.
- I am not *worthy* of so much kindness. আমি এত অনুগ্রহের পাত্র নহি.
- You have bought the *wrong* kind of seed. তুমি আর এক পুকার বীজ কিনিয়াছ.

---

**BAKYABOLEE,**

OR

***IDIOMATIC EXERCISES,***

**English and Bengalee.**

---

**PART II.**

**VERBS, ADVERBS, &c.**

---



## VERBS.

## ক্রিয়া.

The crew had *abandoned* the ship. নাবিকেরা জাহাজ ছাড়িয়া পলাইয়া গিয়াছে.

We ought to *abstain* from doing what is evil. মন্দ কর্মহইতে ক্রান্ত হওয়া ভাল.

Do you *accede* to what I propose? আমি যাহা বলি, তাহাতে সম্মত আছ কি না?

He immediately *accepted* my offer. শুনিবা মাত্রই তিনি আমার এই কথা গৃহ্য করিলেন.

I can *accommodate* you in my house. আমার বাটীতে তোমার সন্মোখ্য হইতে পারে.

Can you *accommodate* me with pen and ink. তুমি একবার আমাকে কালী কলমটা দিতে পার.

Except you *accompany* me I will not go. তুমি আমার সঙ্গে না গেলে যাইব না.

I have not been able to *accomplish* my wishes. মনের বাঞ্ছা পূর্ণ করিতে পারিলাম না.

How do you *account* for this? এ কেমন করিয়া হইয়াছে, তাহা কি তুমি জান?

He was *accused* of robbing his master. তাহার উপরে পুতুর দব্য চুরীর অপবাদ হইয়াছিল.

*Accustom* yourself to read and write. লেখা পড়ার চালনা কর.

I am *acquainted* with every particular. আমি সকল বৃত্তান্ত জ্ঞাত আছি.

- He has *acquired* great knowledge. তিনি অনেক বিদ্যা অভ্যাস করিয়াছেন.
- He has been tried and *acquitted*. বিচারে নির্দোষ পুমাণ হইয়াছে.
- Ten rupees were *added* to his salary. তাহার মাহিনা আর দশ টাকা বাড়ান গেল.
- To-day's meeting was *adjourned* till Monday next. আজি স্থগিত থাকুক, সোমবারে বৈঠক হইবে, এই আজা দেওয়া গেল.
- The prize was *adjudged* to him as the best scholar of the whole. বিবেচনার দ্বারা তাহাকে সকল-হইতে শ্রেষ্ঠবান্ বুঝিয়া পুরস্কার করা গেল.
- Let us first *adjust* this matter. আগে এই কৰ্ম্ম নিকাশ করি.
- I *admire* him for his great learning. তাহার বিদ্যা আছে, এই জন্য তাহাকে সমাদর করি.
- May strangers be *admitted*? ভিন্ন লোক কি ভিতর যাইতে পারে?
- I cannot *admit* of what you say. তোমার এ কথা আমি কোন রূপে গৃহ্য করিতে পারি না.
- Can you *advance* me this sum? তুমি কি আমাকে এত টাকা আগাও দিতে পার?
- The enemy had *advanced* as far as Delhi. দিল্লী পর্য্যন্ত আসিয়া শত্রুপহুঁছিয়াছিল.
- You had better *advertise* the sale. তোমার যে নিলাম তাহা ছাপাইয়া সম্বাদ দিলে ভাল হয়.
- I would *advise* you to wait a little. আমার পরামর্শ হয়, যে কিছু দিন গৌণ কর.

This small loss will not <i>af-</i>	এই অল্প বিষয় যাওয়াতে তাহার
<i>fect</i> him.	কি অপচয় হইবে ?
He <i>affected</i> a great shew of	সে অনেক আশ্বাস করিল বটে,
kindness.	কিন্তু মৌখিক.
This history is very <i>affecting</i> .	এই ইতিহাস পাঠেতে চিত্ত আদু'
	হয়.
He <i>affirmed</i> this to be cer-	সে বলিয়াছে, যে এ কথা অবশ্য
tain fact.	সত্য.
The news <i>afflicted</i> him great-	সে সমাচার শুনিয়া বড় কাতর
ly.	হইল.
I cannot <i>afford</i> to give so	এত মাহিয়ানা আমি দিতে পারি
much wages.	না.
Pray <i>afford</i> me your assist-	তুমি অনুগ্রহ করিয়া আমার
ance.	সহায় হও.
I should be sorry to <i>affront</i>	আমি মন্দ আচরণ করিয়া কদাচ
him by my ill conduct.	তাহার মনের অসন্তোষ জন্মা-
	ইব না.
Appearing before the court	সে বিচারস্থানের মাজখানে দাঁড়া-
he was much <i>agitated</i> .	ইয়া কাঁপিতে লাগিল.
I <i>agree</i> to what you say.	তুমি যেমত কহিলা, ইহাতে আমি
	সম্মত আছি.
I have <i>agreed</i> with him for	তাহার সহিত কাপড়ের মূল্য
the price of the cloth.	চুক্তি হইয়াছে.
The news very much <i>alarm-</i>	এ সমাচার শুনিয়া সে বড় ভাবিত
<i>ed</i> him.	হইল.
They <i>allow</i> five per cent. dis-	তাহারা নগদ টাকা পাইলে ৫%
count for ready money.	করা পাঁচ টাকা ছাড়িয়া দেয়.
<i>Allow</i> me to go with you.	আমাকে সঙ্গে করিয়া লইয়া যাও.

- It is now done, I can't *alter* it. এখন পুস্তক হইয়াছে, আর অন্য পুস্তক করা যায় না।
- He *amassed* great wealth. তিনি অনেক ধন সঞ্চয় করিলেন।
- Altogether the bill will *amount* to five hundred rupees. হিসাব করিলে সকলে পাঁচ শত টাকা হইবে।
- I was *amazed* at the amount. মোট হিসাব দেখিয়া আমার আশ্চর্য্য বোধ হইল।
- Amuse* yourself awhile in the garden. খানিক বাগানের তামাসা দেখিয়া বেড়াও।
- If you know, why don't you *answer* ? তুমি যদি জান, তবে কেন উত্তর কর না?
- This will *answer* my purpose. ইহাতেই কায চলিবে।
- You have no need to *apologize*. মিনতি করিবার কায নাই।
- I *appeal* to you whether what I say is true. আপনি বিচার করিয়া দেখুন, আমার কথা সত্য কি মিথ্যা।
- It *appears* to me very strange. আমার বড় আশ্চর্য্য বোধ হইল।
- The furniture will be *appraised* and sold. সে সকল দ্রব্যের দর আঁটিয়া বিক্রয় হইবেক।
- I *apprehend* you are mistaken. আমি মনে করি, তোমার ভুল হইয়া থাকিবে।
- He was *apprehended*, and is now in prison. সে ধরা পড়িয়া বন্দ আছে।
- The enemy were *afraid* to approach. শত্রুলোক ভয়েতে আর আগাইতে পারিল না।
- He has *appropriated* all his property to this purpose. সে আপন সকল ধন এই কর্মের নিমিত্তে রাখিয়াছে।

Do you <i>approve</i> of what I say?	আমি যাহা বলিতেছি, তাহা তোমার ভাল বোধ হয় কি না?
Let us <i>argue</i> the point together.	সেই বিষয়ের উপর আমরা দুই জনে উত্তর পুতুত্তর করিয় দেখিব.
He was <i>arrested</i> for debt by Baboo Joychundur.	জয়চন্দ্র বাবু তাহাকে কর্জের লেখায় বদ্ধ করিয়াছেন.
Let us now <i>ascend</i> the mountain.	আমরা এখন পর্বতে উঠি গিয়া.
He was <i>assailed</i> on all sides.	লোক গুলনা তাহাকে খেচা মেচি করিয়া ধরিলেক.
The people were <i>assembled</i> from the villages round about.	চারি দিকের গামের লোক এক চাঁই জড় হইল.
I <i>assent</i> to your proposal.	তোমার কথায় আমি স্বীকৃত হইলাম.
He <i>asserted</i> that it is so.	তিনি কহিলেন, যে এমন হইয়াছে.
Can you <i>assign</i> any reason for his acting thus?	তিনি এমন করেন? ইহার কারণ কি বলিতে পার?
We ought to <i>assist</i> each other.	যাহাতে পরস্পর উপকার হয়, এই আমারদের কর্তব্য.
Why do you <i>associate</i> with evil company?	কেন তুমি দুষ্ক লোকের সঙ্গে সংসর্গ কর?
I <i>assure</i> you there is no danger.	আমি বলিতেছি, তোমার কোন ভয় নাই.
What you say <i>astonishes</i> me greatly.	তোমার কথায় আমার চমৎকর বোধ হইল.



- How shall I *atone* for this conduct? আমার এ অপরাধ কিসে মার্জনা হয়?
- We were *attacked* by the enemy's cavalry. শত্রু পক্ষীয় ঘোড়সওয়ারেরা আমাদেরিগের সহিত যুদ্ধ আরম্ভ করিল.
- He never *attempted* to learn. সে কখনো শিখিবার চেষ্টা পাইল না.
- Let us *attend* to our studies. শিক্ষাতে যেন আমাদেরিগের মন নিবিষ্ট থাকে.
- I have received notice to *attend* the court at ten o'clock. আমি সম্বাদ পাইয়াছি, দশটার সময় বিচারে যাইতে হইবে.
- His book *attracts* great notice. তাহার পুস্তক সকলের মনে লাগিয়াছে.
- This will *avail* much. ইহাতে অনেক উপকার দেখিবে.
- How may I *avert* this calamity? সে দায় আমি কি রূপে এড়াইব?
- This will *augment* my trouble. ইহাতে আমার আরও দুঃখ বাড়িবে.
- I cannot *avoid* going. আমাকে অবশ্য যাইতে হইল.
- Who *authorizes* you to do this? তুমি কাহার কথায় এমন কর্ম করিতেছে?
- Bake* this dough in the oven. এই লেচি তুন্দুরের মধ্যে গিয়া রুটি পুস্ত কর.
- We may now *banish* our fears. এখন আমাদেরিগের সে ভয় হুচিল.
- This dog *barks* at every body. এই কুকুরটা লোক দেখিলেই ডাকে.

He would not <i>bate</i> (abate) one pice.	সে এক পয়সার কমে আমাকে দেয় না।
I saw many people <i>bathing</i> in the Ganges.	দেখিলাম অনেক লোক গঙ্গাস্নান করিতেছে।
Why do these children <i>bawl</i> in this manner?	এই ছালিয়া গুলা এত চেঁচাই-তেছে কেন?
The ship was <i>becalmed</i> four days.	বাতাস বিনা জাহাজ খান চারি দিন এক ঠাঁই ছিল।
<i>Beckon</i> to him to come here.	সঙ্কেত ক্রমে বল, যেন এখানে আইসে।
He has lately <i>become</i> very proud.	এখন তাহার বড় অহকার জন্মিয়াছে।
We know not what shall <i>befal</i> us on the morrow.	কালি আমারদের কি হইবে, তাহা জানি না।
I <i>beg</i> your pardon for what I have done.	আমি যে অপরাধ করিয়াছি, তাহা ক্ষমা কর।
If he <i>behaves</i> well I will keep him.	যদি তাহার ভাল রীতি হয়, তবে তাহাকে রাখিব।
He <i>believes</i> whatever people tell him.	উনি সকল কথাই গুহ্য করেন।
Does this knife <i>belong</i> to you?	এই ছুরী খান কি তোমার?
He is <i>beset</i> on all sides with business.	অনেক কর্ম্মেতে তিনি ব্যস্ত আছেন।
I am going to the shoe-maker's to <i>bespeak</i> a pair of shoes.	এক জোড়া জুতার ফরমাইস দিতে মুচির ওখানে যাইতেছি।
I am a poor man, be pleased to <i>bestow</i> one rupee.	আমি দীন, আপনি অনুগ্রহ করিয়া একটা টাকা দেন।

- Beware* of idleness and ignorance. সাবধান হও, যেন শরীরে আলস্য ও মূর্খতা জন্মে না.
- Why should you *blame* me? আমার দোষ দেহ কেন ?
- I saw a lamb *bleating* for its mother. আমি দেখিলাম, একটা ভেড়ার ছা মা হারাইয়া ডাকিতেছে.
- We *bless* the good, and curse not the bad. ভালকে আশীর্বাদ করি, মন্দকে শাপ ও দেই না.
- This plant will soon *blossom*. এই চারায় শীঘ্র ফুল ধরিলে.
- He *blotted* his paper all over. সকল কাগজেই কালী ফেলিল.
- You *blunder* continually. তুমি সর্বদাই ভুলিতেছ.
- I have no reason to *boast* on this account. এ বিষয়েতে আমি দর্প করিতে পারি না.
- I want some money, where can I *borrow* ? আমার টাকার পয়োজন আছে, কাহার কাছে কৰ্জ পাইব ?
- I cannot *breathe*. আমি নিশ্বাস ফেলিতে পারি না.
- He was *bribed* to commit that fault. তিনি ঘুষ খাইয়া সেই গর্হিত কর্ম করিয়াছেন.
- These trees are beginning to *bud*. এই গাছ গুলায় কুঁড়ি ধরিতেছে.
- This is waste paper, *burn* it. এ গুলা অকর্মণ্য কাগজ, পোড়াইয়া ফেল.
- He is gone to *bury* his father. আপন বাপকে কবর দিতে গিয়াছেন.
- I saw him *carrying* a load on his head. দেখিলাম, সে বোঝা মাথায় করিয়া যাইতেছে.
- He *causes* me much trouble. সে লোকহইতে অধিক দুঃখ পাই.
- You must *caution* him not to do so. তাহাকে তুমি অনুরোধ কর, যেন এমন কর্ম আর না করে.

When will you <i>cease</i> talking?	তোমার কথা কখন ফুরাইবে ?
You ought to <i>chain</i> this dog.	এ কুকুরটাকে লোহার শিকলে বান্ধিয়া রাখিতে হইবেক.
I must <i>change</i> my clothes.	আমাকে কাপড় বদলাইতে হইবে.
He <i>charges</i> very high.	সে অধিক মূল্য লয়.
They <i>cheat</i> whom they can.	যাহাকে ফাকী দিতে পারে, তাহা- কেই তাহারা ফাকি দেয়.
Don't <i>cram</i> his mouth, you will choke him.	একেবারে গালের ভিতর এত দিও না, গলায় লাগিবে.
They have <i>circulated</i> notices.	তাহারা পত্র লিখিয়া চারিদিকে সম্বাদ পাঠাইয়াছে.
<i>Clear</i> these goods and ship them.	দুব্যের মাসুল দিয়া খালাস করি- য়া জাহাজে তোল.
He was <i>climbing</i> a tree.	সে গাছে উঠিতেছিল.
I shall now <i>close</i> his account.	তাহার হিসাব এখন হুগিত রাখিব.
A great crowd was <i>collected</i> .	অনেক লোক জড় হইয়াছিল.
<i>Comb</i> your hair.	চুল আঁচড়াও.
How shall I <i>comfort</i> them?	কেমন করিয়া তাহারদিগকে সান্ত্ব- না করিব ?
He <i>commanded</i> me to go in- stantly.	আমাকে এইরূপে যাইতে আজ্ঞা দিলেন.
Let us <i>commence</i> our work.	আইস, এইরূপে কর্ম আরম্ভ করি.
I <i>commend</i> your prudence.	আমি এই পুশংসা করি, যে আপনি অতি বিবেচক.
He was <i>committed</i> to prison.	তাহাকে কারাগারে পাঠান গেল.
<i>Communicate</i> this to him.	তাহাকে ইহার সম্বাদ জানাও.
Let us <i>compare</i> my writing with yours.	আইস, আমার লেখা আর তোমার লেখা খুঁটাইয়া দেখি.

- Why should you *compel* him to act thus? বল করিয়া তাহাকে এমত কর্ম করাও কেন?
- I have long *complained* of his conduct. সে যে মন্দ আচারণ করে, তাহা অনেক দিন জানাইয়াছি.
- Unless you *comply*, what can I do? তুমি সম্মত না হইলে আমি কি করিতে পারি?
- He is now *composing* a grammar. এখন তিনি একখান ব্যাকরণ পুস্তক করিতেছেন.
- I don't exactly *comprehend* this. আমি ইহার ঠিক ভাব বুঝিতে পারি নাই.
- I cannot *conceal* this matter. এ বিষয় ছাপাইয়া রাখা ভার.
- I *conceive* you are in the right. আমার এমত বোধ হয়, যে তুমি সুন্দর বুঝিয়াছ.
- This business does not *concern* you. এ বিষয়ের ভার কিছু তোমার উপর নাই.
- It is time to *conclude*. এখন সমাপ্ত করা কর্তব্য.
- Condemn* not the innocent. নির্দোষিকে দোষী করিও না.
- Who will *conduct* us thither? আমারদিগকে সেখানে কে লইয়া যাইবে?
- I *confess* my conduct has been amiss. হাঁ, আমি মন্দ কর্ম করিয়াছি, ইহা স্বীকার করিলাম.
- He is now *confined* in jail. এখন সে কারাগারে বদ্ধ আছে.
- Have you heard whether the news is *confirmed* or not? সে কথা স্থির কি না, তাহা কি শুনিয়াছ?
- You have *confused* my work. আমার কর্মে তুমিই বাগড়া দিয়াছ.
- He *conquered* the whole country. তিনি সকল দেশ জয় করিয়াছেন.

Do you <i>consent</i> to my proposal?	আমার কথাতে তুমি কি স্বীকৃত হইলা?
I will <i>consider</i> of it.	বিবেচনা করিয়া দেখিব.
The cargo was <i>consigned</i> to him.	এ জাহাজের বোঝাই দ্রব্য তাহার আড়তে দেওয়া গিয়াছে.
Let us <i>consult</i> upon this subject.	আইস, আমরা এ বিষয়ের পরামর্শ করি.
It will <i>consume</i> all our time.	ইহা করিতে আমার অনেক গৌণ হইবে.
How much Indigo will this box <i>contain</i> ?	এই সিন্দুকে কত নীল ধরিবে?
They two <i>contend</i> who shall be greatest.	সে দুই জনের পরস্পর এই চেষ্ঠা, কে বড় হইব.
He still <i>continues</i> very poorly	আজি পর্য্যন্ত তাহার বড় ব্যামোহ আছে.
The Company will <i>contract</i> for the paper.	কোম্পানী ফুরাণ করিয়া কাগজ কিনিবেন.
The paper was purchased by <i>contract</i> .	মূল্য চুক্তি করিয়া কাগজ বিক্রয় করা গিয়াছে.
How shall we <i>contrive</i> to go?	আমরা কি উপায়ে যাইব?
Will you please to <i>convey</i> this to him.	তুমি অনুগ্রহ করিয়া এই দ্রব্য তাহার কাছে পৌছিয়া দেও.
He was tried and <i>convicted</i> .	সে বিচারে দোষী পুমাণ হইয়াছে.
I am <i>convinced</i> what you say is true.	আমি ঠিক জানিয়াছি, তোমার কথা সত্য বটে.
Having no servant, he <i>cooks</i> for himself.	চাকর নাই, তেঁই আপনি রান্ধিতেছি.

Please <i>copy</i> this for me.	অম্মার তরে এই পত্র খান নকল কর.
<i>Correct</i> all the mistakes.	ইহার সকল ভুল শুদ্ধ করিয়া দেহ.
Do you <i>correspond</i> with him?	তোমাতে তাহাতে কি পরস্পর পত্র লেখা লিখি আছে?
This <i>corresponds</i> with what I heard before.	পূর্বের শুনা কথা আর এখনকার কথায় এক হইল.
He <i>coughs</i> all night.	কফেতে তিনি সারা রাত্রি কাশিয়া থাকেন.
Count over the money I gave you.	যে টাকা তোমাকে দিলাম, তাহা গণ.
God <i>created</i> the world.	ঈশ্বর জগৎকে সৃষ্টি করিয়াছেন.
Do you <i>credit</i> what he says?	সে যাহা বলে, তাহাতে কি তোমার পুত্যয় হয়?
He will <i>criticise</i> our composition.	তিনি আমারদের রচিত কথার ধরাধর করিয়া বিবেচনা করিবেন.
They were <i>crushed</i> under the wheels of the carriage.	তাহারা গাড়ির চাকায় অমনি চেপা হইয়া গেল.
What is the matter? why do you <i>cry</i> ?	তুমি কান্দিতেছে কেন? তোমার কি হইয়াছে?
This land is <i>cultivated</i> .	এই ভূমির আবাদ হইয়াছে.
I have been <i>cured</i> by that physician.	এই বৈদ্য আমাকে সুস্থ করিয়াছে.
They spend their time in singing and <i>dancing</i> .	তাহারা কেবল নাচিয়া গাহিয়া কাল রূপণ করে.
You have not <i>dated</i> your letter.	দেখ, তোমার পত্রেতে তুমি তারিখ দেহ নাই.

- You have been *deceived* by them. তাহারা তোমাকে কান্দী দিয়াছে.
- Let him *decide* the question. তিনি এই কথাই মীমাংসা করুন.
- I asked him, but he *declined* doing it. আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম, কিন্তু তিনি করিতে সম্মত হইলেন না.
- That article *decreases* in value daily. সেই দ্রব্যের মূল্য দিনেই কমিতেছে.
- I shall *deduct* so much from his account. এবার তাহার হিসাবের এত বাদ দিব.
- I will *defer* writing to him till to-morrow. তাহার আজি পত্র না লিখিয়া কালি লিখিব.
- Who *defrays* the expense of his learning? তাহার বিদ্যা শিখিবার ব্যয় কে দিতেছে?
- Why do you *delay* to do this? ইহা করিতে তুমি গৌণ করিতেছ কেন?
- I was *delighted* to see him. তাহাকে দেখিয়া আমার যথেষ্ট আহ্লাদ হইল.
- Did you *deliver* to him my message? আমি যাহা বলিয়াছিলাম, তাহা কি তুমি তাহাকে বলিয়াছিলি?
- He *demande*d more than his due. আপন পাওনাইহতে সে অধিক চাহে.
- He *denies* having said this. সে যে তাহা বলিয়াছে, এমন স্বীকার করে না.
- When do you intend to *de-part*? তুমি কবে যাইতে মনস্থ করিয়াছ?
- It *depends* upon the state of my health. শরীর ভাল থাকে তো যাইব, নহিলে নয়.



- I cannot *depend* upon what he says. তাহার কথাতে আমার বিশ্বাস হয় না.
- His spirits are much *depressed*. মনে বড় দুঃখী হইয়া বসিয়াছেন.
- This *deprives* her of comfort. এ জন্যে তাহার মনের আনন্দ হয় না.
- I *derive* instruction from their society. তাহারদের সঙ্গে থাকিয়া আমার জ্ঞান জন্মিয়া আসিতেছে.
- They *deserve* to be punished. তাহারদের দণ্ড দেওয়া উচিত
- I will *desire* him to do so. তাহাকে আমি এই মত করিতে বলিব.
- He *despairs* of accomplishing his object. সে যে মনের বাঞ্ছা পূর্ণ করে, এমন আশা আর করে না.
- We ought not to *despise* any one. কাহাকে ও তুচ্ছ করা আমার-দিগের কর্তব্য নহে.
- Your papers have been all *destroyed*. তোমার যত লেখা কাগজ ছিল, সকল নষ্ট হইয়াছে.
- Do not *detain* the servant any longer. সে চাকরকে গৌণ করাই ও না.
- I am *determined* to do as you say. তোমার কথাতে কৰ্ম করিতে স্থির করিয়াছি.
- She *devotes* all her property to this purpose. তাহার যত ধন আছে, সকল এই বিষয়ে ব্যয় করিবার জন্যে রাখিয়াছে.
- He and I *differ* in opinion. তাহার এবং আমার বিবেচনা এক হয় না.
- It is said that some animals can *digest* iron. লোকে বলে, এমন জন্ত আছে যে লোহা খাইয়া জারিতে পারে.

- He *dines* always at one o'clock. তিনি পুতি দিন দুই পুহর একটার সময় ভোজন করেন.
- Please *direct* me where to find him. কোথায় গেলে তাঁহার দেখা পাইব, তাহা আমাকে বল.
- They *disagree* one with another. তাহারদের পরস্পর ঝকড়া হইয়া থাকে.
- I was much *disappointed* in my expectations. যত মনে করিয়াছিলাম, তত করিতে পারিলাম না.
- She *disapproves* of all I say. আমার তাবৎ কথাই তিনি দোষেন.
- He is now able to *discharge* his debts. এখন তিনি দেনা পরিশোধ করিতে পারিবেন.
- That custom is now *discontinued*. এখন সে ধারা নাই.
- I have not as yet *discovered* the thief. কে চোরী করিয়াছে, অদ্যাপি স্থির করিতে পারিলাম না.
- What you say *discourages* me. তোমার কথাতে আমার অভরসা জমিল.
- Let us *discourse* together a little. আইস, আমরা পরস্পর কিছু জিজ্ঞাসা বাদ করি.
- I *dislike* their company very much. তাহারদের সঙ্গে থাকিতে আমার বড় অনিচ্ছা.
- He was *dismissed* for bad conduct. মন্দ কর্ম করাতে তাহার চাকরি গিয়াছে.
- I cannot *disobey* his orders. তাহার আজ্ঞা রদ করিতে পারিব না.
- Why will you *disoblige* him without cause? তুমি তাহাকে অকারণে কেন মনঃ পীড়া দিবা?

- Herein he *displays* great talent. ইহাতে তাহার বড় ক্ষমতা প্রকাশ হইয়াছে.
- They were much *displeased*. তাহারা বড় অসন্তুষ্ট হইল.
- Can you *dispose* of these goods for me? আমার এই দ্রব্য বেচিয়া দিতে পারিবা?
- They are always *disputing* one with another. সর্বদা তাহারা পরস্পর কথার রদ-বদল করে.
- Why are you *dissatisfied*? তুমি কেন মন মরা হইয়া আছ?
- Cannot you *dissuade* him from doing so? তাহাকে কি তুমি নিরস্ত করিতে পারিবা না, যে এমনত কর্ম্ম না করে?
- I can *distinguish* no difference in these two letters. এই দুই অক্ষরের কি ভেদ আছে, তাহা বুঝিতে পারিলাম না.
- Double* this string, and then it will do. এই দড়ি দোফেরা করিলেই হইবে.
- I *doubt* whether this be true or not. এই কথা সত্য কি না, আমার এই সন্দেহ হইতেছে.
- How can one horse *drag* such a load as this? এত ভারি কি একটা ঘোড়ায় টানিতে পারে?
- Wait a little, he is now *dressing*. একটুকি থাক, এখন তিনি কাপড় পরিতেছেন.
- Tell the coachman not to *drive* so fast. গাড়য়ানকে বল, যেন বড় করিয়া গাড়ি চালায় না.
- I have *dropped* my knife into the water. আমার হাতহইতে ছুরিখান নদীতে পড়িয়া গিয়াছে.
- Dry* this paper at the fire. এ কাগজ খান আগুনে সেক.
- In this way I can *earn* ten Rupees a month. এই কর্ম্ম করিয়া আমি মাসে দশ টাকা উপায় করিতে পারি.

- The tide has begun to *ebb*. এখন ভাটা পড়িতে আরম্ভ হই-  
যাছে.
- Who would *employ* such people as these? এমত লোককে কে কর্ম্ম দিবেক?
- Empty* this box. এই সিদ্ধক খালি কর.
- Give me as much only as will *enable* me to live. যাহাতে আমার ভক্ষ্য চলে,  
তাহাই দেহ.
- Enclose* my letter in yours. আমার পত্র তোমার পত্রের মধ্যে  
পুরিয়া রাখ.
- Your former kindness *en-  
courages* me to make this request. চিরকাল আমার উপরে অনুগৃহ  
করেন, এই নিমিত্তে এই নিবে-  
দন করিতেছি
- His riches are much *en-  
creased*. তাহার ঐশ্বর্য্য অনেক বাড়িয়াছে
- I must *endeavour* to see him to-day. তাহার সহিত আঞ্জি আমার যেন  
দেখা হয়, এমত চেষ্টা করিতে  
হইবে.
- You ought to have *endorsed* the bill. সেই হুণ্ডিতে তোমার স্বাক্ষর করা  
উচিত ছিল.
- I have *engaged* him as my servant. সে আমার চাকরী করে, এমনি  
ধারা কথা তাহার সঙ্গে হই-  
য়াছে.
- Do you know how to *en-  
grave*? তুমি কি মোহর খুদিতে পার?
- I *enjoy* this season of the year. পুতি বৎসর এই সময় হইলেই  
আমার সুখ বোধ হয়.
- Cannot this house be *en-  
larged*? এ ঘরের কি আর বৃদ্ধি হইতে  
পারিবে না?

- I will *enquire* and let you know. আমি জিজ্ঞাসা করিয়া তোমাকে সম্বাদ দিব.
- They *entreated* him to stay, but to no purpose. তাহারা তাহাকে থাকিতে অনেক উপরোধ করিল, কিন্তু সে থাকিল না.
- I will try to *equal* him in learning. বিদ্যাতে যে মতে তাহার সমান হই, সেই চেষ্টা করিব.
- We are by nature apt to *err*. মিথ্যা ভাবনা করা মনুষ্যের স্বভাব.
- We *escaped* out of the enemy's hand. আমরা শত্রুর হাত এড়াইলাম.
- This regulation has lately been *established*. এ আইন অল্প দিন হইয়াছে.
- He *exceeds* every one in quickness of apprehension. তিনি বুদ্ধির প্ৰাখর্য্যতে সর্ব-গুসর.
- I would not *exchange* situations with you. তোমার সঙ্গে আমি কর্ম্মের বদলা-বদলি করি, এমন ইচ্ছা হয় না.
- Let us *excite* each other to study. পরস্পর মনের মধ্যে যাহাতে বিদ্যা শিখিবার চেষ্টা জন্মে, আইস আমরা তাহাই করি.
- For this reason you will *excuse* my not writing to you. এই জন্যে যে আমি আগে পর লিখি নাই, সে দোষ মার্জনা করিবা.
- Three men were *executed* for murder last Monday. গত সোমবারে তিন জন খুনির ফাঁসি হইল.
- Sir, your orders shall be *executed* without delay. মহাশয়ের আজ্ঞানুসারে শীঘ্র কর্ম্ম করিব.

Do you *expect* to see him shortly? তুমি কি এমনত মনে কর, যে অল্প দিনের মধ্যে তাহার সঙ্গে দেখা হইবে?

If you ask, he will *explain* any part which you do not understand. ইহার মধ্যের যদি কোন কথা বুঝিতে না পার, তবে তাহাকে জিজ্ঞাসা করিলেই বলিয়া দিবে.

A large quantity of Indigo has been *exported* this month. এই মাসে অনেক নীলের রপ্তানি হইয়াছে.

He caught a fever by *exposing* himself to the sun. কেবল রৌদ্রে বেড়াইয়া তাহার জ্বর হইয়াছে.

I don't know how to *express* this in English. এই কথা ইংরেজিতে কেমন করিয়া বলে, তাহা আমি জানি না.

This colour *fades* very much. এ রঙ্গের এমন তেজ থাকে না.

Had it not been for his assistance, I should have *failed* in my purpose. তিনি যদি সাহায্য না করিতেন, তবে আমার উদ্যোগ নিষ্পল হইত.

Had it not been for him, I should have *fallen* into the river. তিনি যদি না ধরিতেন, তবে আমি জলে পড়িতাম.

You have no need to be *fanned* now, it is winter. এখন শীত কাল, এখন বাতাস করিয়া কায় কি?

I suppose you *fancy* it is summer. বুঝি তোমার গুণ্য কাল বোধ হইয়াছে.

I am very much *fatigued* with walking. আমি হাঁটিয়াং বড় ক্লান্ত হইয়াছি.

- Pray *favour* me with your address. আপনকার ঘরের ঠিকানা অনুগ্রহ করিয়া বলুন.
- We ought to *fear* God more than man. মানুষহইতে ঈশ্বরকে ভয় করা উচিত.
- These animals *feed* only on grass. এ জন্ততে কেবল ঘাস খায়.
- Go and *fetch* me some fruit out of the garden. বাগানহইতে আমার নিমিত্তে কিছু ফল আন গিয়া.
- File* this screw. উথা দিয়া এই পেঁচটা ঘস.
- File* these papers. এই কাগজ সিকে গাঁথিয়া রাখ.
- Fill* this tub with water. এই বালতীর কাণায় জল ভর.
- Tell me where to *find* a kolsee. কলসী কোথায় পাইব?
- If you do so again, you must be *fined*. আরবার যদি এমন কর, তবে দণ্ড দিতে হইবে.
- Help me to *finish* this letter. কি রূপে পত্র সমাপ্ত করিতে হয়, তাহা আমাকে বল.
- What day have you *fixed* upon to go there? সেখানে যাইবার জন্যে কোন দিন স্থির করিয়াছ?
- It is high water, the vessel will now *float*. এখন জোয়ার পূর্ণ হইয়াছে, জাহাজ ভাসিবে.
- The people are *flocking* to see him. তাহাকে দেখিতে লোক সকল ঝাঁক্কে যাইতেছে.
- A river *flows* close by his house. তাহার বাটীর নীচে একটা নদী আছে.
- Fold* these things in paper. এই দ্রব্য কাগজে মোড়.
- You go before, I will *follow* after. তুমি আগে যাও, আমি পাছে যাইব.

- Why did you *forbid* him to come? তাহাকে আসিতে তুমি বারণ করিলা কেন?
- Why did you *force* him to do so against his will? তাহার ইচ্ছা নাই তুমি বল করিয়া করাও কেন?
- Who can *foretel* what will happen on the morrow? কালি কি হইবে তাহা কে বলিতে পারে?
- For doing this you must *forfeit* one rupee. তোমার এ কার্যের জন্যে এক টাকা দণ্ড দিতে হইবে.
- If he had acknowledged his fault, I should have *forgiven* him. সে যদি আপন দোষ স্বীকার করিত, তবে তাহাকে আমি ক্ষমা করিতাম.
- The purpose for which you sent me has been *fulfilled*. তুমি যে অভিপ্ৰায়ে আমাকে পাঠাইয়াছিলি, তাহা পূর্ণ হইয়াছে.
- In how short a time can you *furnish* these things? তুমি এই সকল দ্রব্য কত গৌণে পুঙ্খিত করিয়া দিতে পার?
- Gather* up the crumbs. রুটীর গুঁড়াগাঁড়া গুলান কুড়াইয়া রাখ.
- I should have been *glad* if you had come. তুমি আইলে আমি বড় আহ্লাদিত হইতাম.
- Tell the carpenter to *glue* these two boards together. ছুতারকে শিরীশ দিয়া এই দুইখান তক্তা আঁটিতে বল.
- Every one does not know how to *govern*. শাসন কেমনে করিতে হয় তাহা সকলে জানে না.
- Sir, be pleased to *grant* me this request. মহাশয় অনুগ্রহ পূর্বক আমার এই নিবেদন সফল করুন.
- Seeing such a school, I am much *gratified*. এই মত পাঠশালা দেখিলে আমি বড় সন্তুষ্ট হই.



- Can you *guess* the meaning of what I say? আমার কথাই তাৎপর্য্য তুমি অনুমানে বুঝিতে পার কি না?
- I am ignorant, who will instruct and *guide* me in the way of truth? অজ্ঞান যে আমি, আমাকে কে ভাল শিক্ষা দিয়া সৎপথ দেখাইবে?
- Hand* me that book. ঐ পুস্তক আমাকে দেও.
- If I should *happen* to see him before you do, I will tell him this. তোমার সঙ্গে তাহার সাক্ষাৎ না হইতে যদি দৈবাৎ আমার সঙ্গে দেখা হয়, তবে তাকে এ কথা বলিব.
- When did that *happen*? সে কখন কবে হইয়াছে?
- Why are you afraid? no-body will *harm* you. ভয় কি? কেহ তোমার কিছু অনিষ্ট করিবে না.
- They *hasted* away as fast as possible. তাহারা মরিয়া কুটিয়া চলিয়া গেল.
- You must endeavour to *hasten* his coming. তিনি যাহাতে শীঘ্র আইসেন, এমত চেষ্টা কর.
- Let us *hate* nothing but sin. আমরা পাপ ব্যতিরেক আর কিছুতে যেন ঘৃণা না করি.
- His wound is now *healed*. তাহার কাটা ঘা খান এখন ভাল হইয়াছে.
- Who has *heaped* these things one upon another in this manner? কে এই সকল দুব্য উলু পালু করিয়া রাশি করিয়া রাখিয়াছে?
- Do you *hear* what I say? আমি যাহা বলিতেছি তাহা তুমি শুনিতেছ কি না?
- If you had come sooner, you might have *helped* me. তুমি যদি আগে আসিতা, তবে আমার উপকার করিতে পারিতা.

- You can just *hint* this to him. এই কথাটা একবার তাহাকে যুগাকরে জানাইও.
- To go there, I must *hire* a palankeen and boat. সেখানে যাইতে পালকী ও নৌকা দুই ভাড়া করিতে হইবে.
- Fear God—*honour* the king. ঈশ্বরকে ভয় রাখিও, এবং রাজাকে সম্মান করিও.
- I *hope* I shall soon have the pleasure of seeing you. আমার এমন ভরসা আছে, যে শীঘ্র তোমার সঙ্গে সাক্ষাৎ করিব.
- How could you *imagine* I should agree to this? তুমি কেমন করিয়া বুঝিলা, যে ইহাতে আমি স্বীকৃত হইব?
- We ought to *imitate* the example of good men. সৎলোকের ব্যবহার দেখিয়া সেই রূপে ব্যবহার করা আমারদের কর্তব্য.
- It is our duty to *impart* knowledge. বিদ্যা দান করা আমারদের উচিত.
- These goods have been *imported* from Europe. বিলাত হইতে এই সকল দ্রব্য আসিয়াছে.
- They *impose* on whomsoever they can. তাহারা যাহাকে ফাকী দিতে পারে, তাহাকে ফাকী দেয়.
